এবারে আমাদের খাদা বিভাগের কাজ খুবই ভাল হয়েছে, এটা স্বীক র করতেই হবে। বন্যার সময় যথা বৃষ্টির দর্ন রাস্তাঘাট খারাপ যানবাহনের অস্ত্রিধা তথন আমাদের খাদ্য বিভাগ থেকে তিন-চার দিনের মধ্যে প্রায় ৯ লক্ষ টনের মত খাদ্যশস্য আমরা বন্যাপণীডিত অঞ্চলে পাঠিয়ে ছিলাম, এবং এরজন্য আমাদের খাদ্য বিভাগের বহু কর্মচারীকে বিশেষ পরিশ্রম করতে হরেছিল কোন কোন দিন অনেক রাত্রি পর্যান্ত জেগে কাম্ল করতে হরেছে এবং ১৪।১৫ ঘণ্টা ধরে একবেলে কাজ করেছেন। আমাদের যেটা রিলিফ বিভাগ সেখানকার কর্মচারীরাও বিশেষ পরিভ্রম ও কৃতিছের স্পো কাজ করেছেন। আমাদের খাদা ও রিলিফ বিভাগের সমস্ত কর্মচারীদের ছাটি वां जिल करत पिरामिकाम, अवश रव रय स्क्रमात वना। इरतिहरू, रमटे समन्य स्क्रमात मास्क्रिस्टि । বিশেষ বিশেষ কর্মচারীদের ছাটি বাতিল করে দিরেছিলাম বন্যাপীডিত অণ্ডলে কাজ করবার জন্য। বদিও এই সেচ বিভাগের উপর অনেকের বিরতি জন্মেছিল যে সেচ বিভাগের পলিসির জন্ম এই বন্যা হল আমি বলবো সেই সেচ বিভাগই তার কর্মচারী, ইঞ্জিনীয়ার, ওভারসিরাররা আপ্রাণ চেণ্টা করেছিলেন এই বন্যাকে র.খতে। অবশ্য তাদের সপো সেথানকার গ্রা**মবাসীরাও** থেকে ক'জ করেছিলেন। আমাদের মুখামন্ত্রী মহাশর মাননীর মন্ত্রী পরেবী মুখাঞ্জীকে পাঠিয়েছিলেন বর্ধমান জেলার কয়েটা বন্যাপীডিত অঞ্চল। তা ছাডা অন্যান্য মন্দ্রীকে এক একটা অঞ্চলে পাঠান হয়েছিল কান্ধের ভার দিয়ে। তারা একটা বাঁধ রক্ষা করেছিলেন **এবং সেই** বাঁধ রক্ষা করার দর্ন কালনা সহর বন্যার হাত থেকে বে'চে গিয়েছিল। অবশ্য সেখানকার প্রানের লোকেরাও তাঁদের সংশা থেকে এই বাঁধকে রক্ষা করার কান্তে আপ্রাণ চেন্টা করেছিলেন। **আমরা** সংবাদ পেরেছিলাম এই বাঁধ ভেগে গেল, গেল। ম্যাজিস্টেট, বি ডি ও, সার্কেল অফিসার, **থানার** দারগা, প্রতিশ বাহিনী স্বাই সাহায়। করেছেন। সব জারগার যে বাঁধ রক্ষা করা বেডে পারা গিরেছে তা নয়। অনেক জারগায় বাঁধ ডেপো গিরেছে, প্রচর পরিমাণে শসা নণ্ট হরেছে। কিন্তু আবার অনেক জায়গার জনসাধারণ ও বে-সরকারী প্রতিষ্ঠান, তাঁরা চেন্টা করে বন্যাকে রুক্তেইন এটা সত্য। অনেক জায়গায় বাঁধ নন্ট হয়েছে—ভেপে গেছে-- জল ঢুকেছে, শস্য নন্ট হয়েছে। কিন্তু আবার অনেক জন্মায় বাঁধগালি জনসাধারণ এবং অনেক বে-সরকারী প্রতিষ্ঠান চেষ্ট করে রক্ষা করেছেন। এই যে এত বড বন্যা হরেছিল এতে চার লক্ষ লোককে রেসকু করে আশ্রম দিতে হরেছিল। নবশ্বীপের মত সহরে ৮ ফুট থেকে ১২ ফুট জল জমেছিল, পনের দিন ধরে-পানীয় জল নন্ট হরে গিয়েছিল, কিন্তু স্বাস্থা বিভাগ বিভিন্ন জারগার মেডিক্যাল ইউনিট পাঠিরেছিল—৩৮০টি মেডিক্যাল ইউনিট্স পাঠিরেছিলেন—১.৩০০ সেবক. ভারার এবং অন্যান্ত জ্যাসিস্ট্যান্টস পাঠিরেছিলেন। এ'রা সকলে মিলে এত সন্দের কাজ করেছেন বে এই সমস্ভ জনলে খবট কম কলেরা এবং অন্যান্য সংক্রামক রোগ দেখা দিরেছিল। এই সমস্ত জারগার চিউৰ-ওয়েল তারা ডিসইনফেট করেছেন—ইন্দারা ডিসইনফেট করেছেন ট্যাবলেট বিভয়ৰ ক্রেছেন, ওব্র বিভরণ করেছেন। এমনভাবে সকল কাজ ভারা করেছেন বে স্থাস্থ্য বিভাগে

এই সকত কর্ম চারীরা দেশবাসীর প্রশংসা অর্জন করেছেন। এবারকার বন্যার আমরা ৩২ লক লোককে প্রাচইটাস বিলিফ হিসাবে চাল এবং গম দিরেছি—সেটা কমে কমে বর্তমানে ১৬ লকে প**াভিরেছে। যে সম**স্ত জারগার বন্যা হরেছিল সেখানে আগে থেকে অর্থাৎ ১৯৫৬ সাল থেকে জেলা ম্যাজিলেটটের কাছে কিছু কিছু টেল্ট ছিল—কোন কোন জ য়গায় ছিল—সেগুলি ব্যাসমূত্রে তারা সরবরাহ করেছেন। আমরা ৬,২২০ পিস টারপালন পাঠিরোছ এবং পূর্বে থেকে জেলা ম্যাকিস্টেটের কাছে প্রার পাঁচ হাজার টেন্ট আন্ড টারপলিন জমা ছিল। ২,৪৭,১৬১ পিস খুভি এবং শাড়ী পাঠিয়েছি. ৫৫.০০০ পিস শিশ,দের জামা পাঠিয়েছি, ৭৪.৬১৪ খণ্ড কবল পাঠিরেছি। আমাদের পক্ষ থেকে মিলক্ পাউভার পাঠান হয়েছে প্রায় ৯ লক্ষ প উল্ভ-এ ছাড়া স্বাস্থ্য বিভাগ থেকে আরও মিলক পাউভার দেওরা হয়েছে। ওব্ধ ডিসইনফেকট্যান্টস ইকুইপমেণ্টস ইত্যাদি স্বাস্থা বিভাগ থেকে বা দেওরা হয়েছে তর মূলা হচ্ছে ১৪ লক্ষ্ণ ৭৬ হাজার টাব্দা। কতকগ্যলি অণ্ডল সকলেই জানেন একেবারেই বিচ্ছিন্ন হয়ে গিয়েছিল সেই সমস্ত জান্নগার আমরা প্রথমে চিড়া এবং গড়ে এরার ফোর্সের সাহায্যে ফেলেছিলাম—পাঁচ হাজার পাউল্ড চি**ড়া এবং গ**ুড় ফেলা হয়েছিল। তারপর যথন একট, একট, জল কমে আসছে তখন আকাশ থেকে বে চাল ফেলেছিলাম তার পরিমাণ হবে চার লক্ষ পাউন্ড। বর্ধমান জেলার গুণ্গাতিকরি প্রক্রিনা, গ্রেকরা, বেদিয়াতে, হুগলি জেলার খানাকুলে, মেদিনীপুরের ঘাটালে, মুশিদাবাদ জেলার ভরতপরে, বড়ন, কাঁন্দিতে এবং নদীয়া জেলার কালীগঞ্জ অঞ্চলে এই চিডা গড়ে ফেলা राजिएन। भीठ राजात मन ठ ने एकला राजिएन वर्षमान एकलात अध्यास, तीक्षवानभूत, नमन-ষাট পূর্বস্থলী এবং নলিগ্রাম এলাকায়: হাওড়ার উদয়নারায়ণপূর, পাঁচরুল এলাকায়; নদীয়ার বলভপাডার: মুশিদাবাদের শ্রীহট এবং কাদি এলাকাষ।

একটা জিনিস এখানে বলব। এবার আমাদের প্রথম দিকের পরিকল্পনা ছিল যে এত ফসলের বখন ক্ষতি হরেছে পাঁচ লক্ষ টন চাল যেখানে আমাদের ক্ষতি হ'ল সেখানে আমরা বোরো ধানের চাষ এবং রবিশস্যের চাষের বাবস্থা করতে পারি কি না। আমাদের এখানে বেশী বীঞ্জ ছিল না—কমই ছিল—আমরা তাই অন্যান্য প্রদেশ থেকে, যেমন রাজস্থান, উড়িয়া প্রভৃতি রাজা থেকে এই বীজের বাবস্থা করেছি। উড়িয়া সরকার অনুগ্রহ করে আমাদের আউসের বীজ দিয়েছেন—রাজস্থান থেকে আমরা গমের বীজ পেরেছি—সেটা জেলায় জেলায় আমরা পাঠিয়েছি—এর মূল্য হবে ৫২,৯৪,৬০০ টাকা এবং এর থেকে যে ফসল হবে তার মূল্য প্রায় দশ কোটি টাকা হবে। আমরা বেমনি যেমনি গ্রাচুইটাস ডোলস দেওয়া ক্রমে ক্রমে ক্রমে আনছি, তেমনি তেমনি আমরা টেন্ট রিলিক-এর ব্যবস্থা করেছি—যাতে লোকে রবি ফসল করতে পারে। রবি ফসল যাতে ভাল করে করতে পারে তার জন্য ৬৫ লক্ষ ৫ হাজার টাকা এগ্রিকালচারাল লোন দিয়েছি।

[3-20-3-30 p.m.]

বাদের বাড়ী নন্ট হয়েছে মেরামতের জন্য এই পর্যন্ত ১৮॥ লক্ষ টাকা বিভিন্ন জেলায় পাঠিরে **দিরেছি। আর একটা পরিকল্পনা আমরা গ্রহণ করেছি। ১৯৫৬ সালের বন্যায় যে অভিজ্ঞতা** হরেছে তাতে বাদের বাড়ী একদম ডেপো গিয়েছে, আবার ক্ষতিগ্রন্থত হতে পারে সেই অঞ্চলে বারা অভ্যন্ত দরিদ্র তাদের জন্য ১ লক্ষ পাকা বাড়ীর বাবস্থা করেছি—নিজের বাড়ী নিজে তৈরি কর— এই পরিকল্পনায়। বিদ্ও ইওর ওন স্ক্রিম-এ গত বন্যায় ২১ হাজার বাড়ী তৈরি করেছিলাম ৰিভিন্ন জেলার, বর্ধমান জেলায়, হুগলি জেলায়, মুর্শিদাবাদ জেলায়, হাওড়া জেলায় ইত্যাদিতে এবং এই সমস্ত বাড়ী খুব কম পড়েছে। ২৫ IOO খানা পড়েছে মাটির ঘরই বেদী পড়েছে। এই পরিকল্পনার ১ লব্দ লোক নিয়ে করা হয়েছে। ৩০০।৩২৫ টাকা প্রতি বাডীর জন্য খরচ **इत. निष्कलन हे** हे निष्कता रेजीन करन निर्फ इरन। मुख्तार ७ क्लीं होका बन्न इरह्म बहे विल्ख ইওর ওন স্কীম-এ। যাদের বাড়ী বেশী নন্ট হরেছে তাদেরও কিছু গ্রান্ট দেব বাড়ী মেরামত **এবং সাইক্রোন-এ** হিসাব করে মোটামুটি দেখা গিয়েছে ১০৭ জনের মৃত্যু হয়েছে। ৮৮ জন बनाव करन. विभिन्न करन ৯ जन जात मारेट्यान-ध ১० जन। भग, महारह २ राजाहात छेभन ৮.৪৭০টি পশ্ম মারা গিরেছে। আমরা এখানে টেস্ট রিলিফ ওরার্ক আরম্ভ করেছি এবং এই কাকের টাকা ধার্ব করেছি। একটা জিনিব তুলনা করলে মাননীর সদস্যরা ব্রুবতে পার্রেন বে ১৯৫৬ সালে এই সমর অর্থাৎ বন্যার বু মাসের মধ্যে আমরা টেন্ট রিলিক দির্রোচলার ৪৭ লক

কো, আৰু এবার দুমানে ৬০ লক্ষ টাকা দিরেছি। গৃহ মেরামতে গত বার দুমানে ৯ লক্ষ টাকা দরেছিলাম, এবছর দিরেছি ১৮ লক্ষ টাকা। আমরা এবার বজি ৫২ লক্ষ ৯৪ হাজার টাকা দরেছি কিন্তু গতবারে মাত্র ১০ লক্ষ ৮৯ হাজার ট কা দিরেছিলাম। কাজেকাজেই এবার আমরা তে বেশী করে ফসল উৎপল্ল করতে পারি তার জন্য আমরা যতটা সম্ভব বাবস্থা করেছি। গিষ্পেশ বন্যার দুমানের মধ্যে গতবার দিরেছিলাম ৫৯ লক্ষ ৫৫ হাজার টাকা—এবার ৬৫ লক্ষ হাজার টাকা। একটা জিনিষ এবার করলাম, গতবারেও করেছিলাম—অনেক জেলার জেলা গাজিশ্টেটকৈ বলেছি যে যেসব তন্তুবায় পুজোর সময় কাপড় তৈরি করেছিল কিন্তু মাল পাঠাতে। রল না, মজতুত ছিল, তাদের সেই ধুতি কাপড় যদি খুব বেশী মূলাবান না হয়, তাহলে বেন কনে নের। শেষ পর্যন্ত আমরা হিসাব করে দেখেছি যে ২০ হাজার ধুতি এবং শাড়ী বন্যার্জ সন্তুবারদের কাছ থেকে জেলা মাজিশ্টেটরা কয় করেছেন।

8j. Manoranjan Hazra:

প'নচাষীরা এগ্রিকালচারাল অ্যান্ড আর্টিজান লোন পাবে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এগ্রিকালচারাল কিন্বা আর্টিজান যে হেড-এই ফেল্ন তাতে কিছ্ আসে বার না। বারা গনচাবী ত'দের যদি চাবী ধরেন তাহলে এগ্রিকালচার লোন পাবে আর যদি মনে করেন ব্যবসাদরছে তাহলে আর্টিজান লোন পারে। যে কোন হেড-এই পড়ুক তাতে কিছু আসে যায় না।

্রি ভরেস: খণের পরিমাণ এগ্রিকালচারাল ধরলে কমে যায়)

নামার বন্ধব্য হচ্ছে গতবারে পানচাষীদের ৩।৪ শত করে লোন দিয়েছিলাম, যাদের যেমন প্রয়োজন ্রেছিল দিরেছি। তারপর আমাদের খাদ্য উৎপাদনের ব্যাপারে যাদের ফসল ভাল হয় তাদের ্বে ভালই হল কিন্তু যাদের গিয়েছে তারা সর্বস্বান্ত হয়েছে। কাজেকাজেই আমরা চেণ্টা করছি ারা কিভাবে, কি করে ভবিষ্যতে নিজেরা স্বাবলম্বী হতে পারে, নিজেদের পায়ে দাঁডাতে পারে। মার একটা জিনিষ না বলে পারছি না আমাদের এখানে সেদিন যে নন অফিসি**রাল** শ্ডকারণ্যের কথা বলেছেন, কিন্তু এখানে একটা কথা বলতে চাই যে আমাদের ত লেকের ক্ষতি হয়েছে তার মধ্যে যে সমস্ত উদ্বাস্ত্ আছে তাদেরই ক্ষতির পরিমাণ সবচেয়ে বশী। ক'রণ তারা নীচু জায়গায়, নীচু জমিতে বাস করছে যার ফলে একবার ব্ণিটতে তাদের ারবাড়ীর ক্ষতি হয়েছে আবার ঐ অঞ্চলে বন্যা আসার ফলে তাদের সবচেয়ে বেশী ক্ষতি হয়েছে। াদের কথা আমরা চিম্তা করছি, কি করে আমরা এই সব উম্বাস্তুদের সাহাযা করতে পারি। ১৯৫৬ সালে তাদের গভর্নমেন্ট থেকে টাকা দেওয়া হয়েছিল ঋণ হিসাবে, তারা সেই ঋণ শোধ দরতে পারে নি। আজকে আবার ১৯৫৯ সালের বন্যায় তাদের ঘরবাড়ী পড়ে গিয়েছে এবং সেল নত্ত হরে গিয়েছে, তারা কি করে দাঁড়াবে সেটা আমরা চিল্তা করছি। পশ্চিমব**েগর** ব সমস্ত জায়গার লোকদের ঘরবাড়ী পড়ে গিয়েছে, যেখানে ক্ষতির পরিমাণ খ্ব বেশী সেখানে মামরা টেস্ট রিলিক-এর কাজ আরম্ভ করেছি। ইতিমধ্যেই আমরা অনেক জায়গায় ব'ধ हिमानातरान्त्र वीथ या जारिको वीथ अवश् अन्याना वीथ, स्मित्रामराज्य काल आतम्छ करति है। াানাভাবে টেন্ট রিলিফ-এর কাজ আরম্ভ করেছি। শেষ পর্যান্ত টেন্ট রিলিফ-এ হয়ত ০।৪ কোটি াকা খরচ হবে। অবশ্য আবার যদি ফসল ভাল হয় তাহলে লোকেরা নানারকম কাজ পাবে, াারা দৃস্থ তারাও নানা রকম কাজ পাবে, তবে তা ভবিষ্যতের কথা, এখন কিছু বলা যায় না। াখানে এইটাকু আমরা বলতে পারি যে আমরা ধীরে ধীরে ডোল বন্ধ করে দিচ্ছি এবং টেস্ট র্লিফ-এর মাধ্যমে লোককে সাহাষ্য করছি যাতে তাদের আত্মর্যাদা ও আত্মসম্মান বাড়ে। এবং াতে তাদের উপকার হবে, সমাঞ্জের উপকার হবে এবং দেশেরও উপকার হবে।

Sj. Amarendra Nath Basu:

আপনাকে একটা কথা জিল্পাসা করছি, আপনি কি খবর রাখেন বে এবার পিপল্স রিলিক চুমিটি খুব ভাল কাজ করেছে?

The Hon'ble Prafulla Chandra Sen:

এবার পিপল্স রিলিফ কমিটি ভাল কাজ করেছে এবং মুখ্যমন্ত্রী মহাশরও তাদের কিছু সাহাষ্য করেছেন বলে শানেছি।

Sj. Benoy Krishna Chowdhury:

মাননীয় ডেপ্টি স্পীকার মহাশয়, আমি আমার আলোচনা প্রধানত বনার প্রতিকার সম্পর্কে নিবন্ধ রাথবে । তবে ত্রাণমন্ত্রী মহাশয় বন্যার সাহাষ্ট্রের ব্যাপারে অনেক কিছু বলেছেন সেইছুনা প্রথমে সেই সম্পর্কে সংক্ষেপে ২।৪টা কথা বলবো। প্রথমতঃ রেসকু ব্যাপারে, উম্ধার কার্ব্যের ব্যাপরে বাস্তব অভিজ্ঞতা থেকে দেখেছি যে সময়মত নোকা বহু জারগার পিরে পেশিছার নি বার জন্য উম্পারকার্য ব্যাহত হয়েছে। সেইজন্য আমি বলবো স্থারীভাবে প্রতিটা মহক্ষার কিছু কিছু নৌকা রেখে দিন এবং অনা সময় এই সব নৌকা রোইং ক্ল'ব করে ব্যবহার করা যেতে পারে এবং সেইগুলিই বন্যার সময় উন্ধার কার্যে বাবহার করা যেতে পারে। আমি জানি বর্ধমানে ছারকরা এল করে ৭।৮ দিন পর এলাহাবাদ থেকে বোট এসে যখন পেশছালো তখন সেই মিলিটারী বোট চালাবার মত জল নেই। সেই জন্য অনেক মিলিটারী বোট কার্যকরী হয় নি। দ্বিতীয়তঃ তিনি অনেক যায়গার সাহায্য সম্পর্কে অনেক কথা বলেছেন, সে সম্বন্ধে ২।১টি ৰুথা বলবোঃ প্রথমতঃ হচ্ছে বিল্ড ইওর ওন হাউস স্কীম একটা ভয়ানক প্রচার করা হচ্ছে। কিন্তু বাস্তব ঘটনা হচ্ছে, গত বংসর ১৯৫৬ সালেও এই রকম করা হয়েছিল এবং যেখানে ১ লক্ষ ঘর তৈরি করার কথা ছিল, সেখানে এই দীর্ঘ ২।৩ বংসর পর মাত্র ১৭ হাজার ঘর হয়েছে। সেইজন্য তাতে কাজ হয় নি। বাস্তব অভিজ্ঞতা থেকে বলতে পারি প্রতি জেলায় এই সুযোগ দরিদ্র বাগদী দুলে প্রভৃতি যাদের ঘর গিয়েছে তাদের চেয়ে অনেক মধ্যবিত্ত স্থানীয় লোক তারা তার সাবোগ নিয়ে তাদের গোয়ালঘর ব্য ঐ ধরনের কিছা করেছে। আপনাদের বাগান—যেটাতে কুক্মাচারীকে নিয়ে এসেছিলেন— কালনার কাছে বিজয়নগর করেছিলেন, আজকে গিয়ে দেখে আসন সেই বিজয়নগরের কি অবস্থা। আমার মনে হর এই প্রজার ছুটির পর স্কল খুলে গোলে এইসব আশ্ররপ্রাধীরা নিরাশ্রর হরে ৰাবে, কারণ সেখান থেকে তাদের তাডিরে দেওয়া হবে।

[3-30-3-40 p.m.]

এই সময় যদি যারা দরিদ্র ও গরীব, যাদের আপনারা গ্রান্ট দেন যা আপনাদের নির্দিষ্ট আছে ১৫০ টাকা, তা দিয়ে দিতেন তাহলে তারা নিজেদের গরজেই তা নিরে করতে পারত—তাদের স্ক্রিকার না রেখে, নানা রকম দলিলপার নিয়ে হররানী না করে, ঐ সময় যদি দিয়ে দিতেন তাহলে তারা অনেক কাজ করতে পারত। সেজনা আমি মনে করি আপনাদের বিল্ড ইওর ওন হাউস কোনখানে ভাল করে কার্যকরী করা হয় না। আপনাদের মনগড়া নানা রকম স্কীম আছে, কিল্ডু সেগ্রিল জনসাধারণের উপকারে আসছে কি না তা দেখার অবসর আপনাদের নাই। এবার ৫ লক্ষ্টাকর খড় নন্থ ইরেছে, নান ভাবে ড্যামেজ হরেছে ৫ লক্ষ্টাকরে উপর। বড় বড় কথা না বলে বাল্ডব অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে কাজ করা উচিত। এটা আমাদের বিরোধীপক্ষের কথাই নর, দ্ব'জন বৈজ্ঞানিক, আসাম ইক্সিনীয়ারিং কলেজ-এর প্রিন্সিপাল—এসব বিবরে তার বিশেষ বিশেষ অভিজ্ঞতা আছে, তিনি টেনেসি ভালিতে ড্যাম অপারেসন সম্বন্ধে বিশেষ শিক্ষা নিয়ে এসেছেন, এবং শিবপুর ইক্সিনীয়ারিং কলেজ-এর

Head of the Department of Mathematics Prof. S. K. Chakraborty এদের অভিমত হচ্ছে এই বন্যাকে বারন করা যেতে পারে। এটা বে ম্যান-মেড ক্লাড তার অন্যতম কারণ হচ্ছে, যদি রিজারভরের ঠিকভাবে অপারেট করা হোত তাহলে এই ধরনের বন্যার প্রকোপ হত না। এখানে একটা জিনিষ দেখবেন, যে তথ্য দেওয়া হরেছে তাতে এটাই প্রমাণ করার চেন্টা হরেছে যে, এ সমস্তই যেন ব ন্টিপাতের উপর নির্ভার করে, কিন্তু এবারকার যা তথ্য সংগ্রহ কয়া গেছে, আপনারা গত ৫০ বংসারের কথা বললেন, তাতেই আমাকে এটা বলতে হচ্ছে, সেপ্টেম্বরের ২য় সংতাহ খেকে অক্টোবরের প্রথম সংতাহ পর্যান্ত প্রদিচমবন্ধার সর্বান্ত আ্যাভারেজ-এর চাইতে কম বান্টিপাত হরেছে—এটা যিনি বলেছেন একজন

Mead of the Department, Shibpur College

তিনি আগে মেটিররলজিক্যাল ডিপার্টমেন্ট-এ ছিলেন, এই ব্যাপারে ভার জভিজ্ঞতা আছে, 🗗

সপেট্নবর পর্যাক্ত ব্ ভিপাত নরম্যাল-এর চাইতে কম, তারপর বা ব্ ভি রেছে তাও নরম্যাল-এর চাইতে কম, এই পিরিরডটা বিশেষভাবে লক্ষ্য করবার বিষয়। আপনার স্মরণ থাকবে বে, গ্রন্থ প্রধিবেশনের শেযে বন্যা অঞ্চল থেকে যখন আমরা সাইক্রোন সম্পর্কে খবর পাই তখন জামি রলেছিলাম সমসত কাজ ছেড়ে দিয়ে এই বন্যা সম্পর্কে অবিহিত হওয়া দরকার। যে সংবাদ আমাদের কাছে তা অত্যুক্ত আত্তুকজনক। আমি খুব ভালো করে বিশ্বস্তস্ত্রে সংবাদ নিম্নে দেখেছি ৩০এ সেপ্টেম্বর তারিখে ওাটার সময় যখন মেটিরওলজিক্ষাল ডিপার্টমেন্ট-এ ইল্টিমেশন থার তখন সেখানে কোন লোক ছিল না। তারপর, ড্যাম অ্যান্ড রিজারভার অপারেশন-এর ভার থাকে দেওয়া হয়েছে —এটাই হছে পারটিং কিক—যিনি একজন ইলেকট্রিলাল ইজিনীরার, সিভিল ইজিনীরার্বিং-এ থার স্পেসিফক ট্রেনিং নাই তাঁকে ড্যাম অপারেশন-এর ভার দেওয়া হয়েছে। একজন অভিজ্ঞ ইজিনীরার ১৯৫৬ সালের অভিজ্ঞতা থেকে বলেছিলেন মাইথনে ৪০৭ এবং পাণ্ডেতে ৪১০ এই লেভেল রাখা হবে। এই ছিল সিম্থান্ত। পরে অবশ্য হাইজ্রো-ইলেকট্রিসিটি পারপাস-এ নিজেনের মধ্যে আলোচনা করে বিন্দ্র বাড়িয়ে দেন, কিন্তু তা সন্তেও এটা ফ্যান্ট যে, তলা অক্টোবর প্রথম যখন সাইক্রোন আসে তার আগেই মাইথনে ৪৮৪ এবং পাণ্ডেতে ৪১৫ ওঠে। আসাম ইজিনীরারং কলেজ-এর প্রিন্সপাল দাসগ্রণত যার এই বিবরে অভিজ্ঞতা আছে ডিমি এসম্পর্কে বলেছেন এত দ্বেই বা উঠতে দেওয়া হয়েছিল কেন? ডি ডি সি-র

Secretary and General Manager Shri U. K. Ghosal

এ সম্পর্কে যে বিবৃতি দিয়েছেন তা আমি দেখেছি। এখানে আমার জিল্লাস। হল সেপ্টেম্বর মানের ন্বিতীয় সংতাহে যে সময় লে য়ার ক্যাচমেন্ট এরিয় তে বন্ধ করা প্রয়োজন ছিল তার অনেক পরে ১৬ই সেপ্টেম্বর তারিখে কেন সেখানে জল কমান হয়েছে। এটা মনসান সিম্পন, এবং ১৯৫৬ সালের বন্যার পর আম দের অভিজ্ঞতা হয়েছে বে কোন কোন কাচমেন্ট এরিয়াতে ২০০০ খ**ের** বরের পরেও বেশী বাঘিপাত হয়েছে, এরকম ঘটনা হরেছে। সেজন্য সেপ্টেম্বর-এ বেশী রেনফল হলে দ্বিতীয়বার আর হবে না এই রক্ষম মনে করারও কোন কারণ নাই। বিশেষ করে ১এই অক্টোবর পর্যান্ত মনসনে সিজন ঘোষণা করা আছে এবং যেক্ষেত্রে ছাভ রাধবার জনা অ পনাদের বাকথা আছে সেক্ষেত্রে কেন জল কমানে র জন্য ব্যবস্থা করা হয় নি। ৩০**এ সেপ্টেম্বর** তারিখে ডি ডি সি কর্তপক্ষ ইন্টিমেসন পাওয়া সত্তেও ১লা অক্টোবর রাচি ১০টার পর ফ্রাড ওরাটার রিলিজ করা বথন নাকি লেভেল প্রায় ৪৯০ পার হরে গিয়েছে। বদি ৩০এ সেপ্টেবর ত রিখে অন্ততঃ ২ লব্দ কিউসেক জল ছেড়ে দেওয়া যেত তাহলেও এই পরিস্থিতি হত না। কর্তপক্ষ মহল থেকে একটা জবাব ও কৈফিরং দেবার চেণ্টা করা হয়েছে যে, ভারা সংবাদ পেরে-ছিলেন নীচের ক্যাচমেণ্ট এরিরারে বেশী হবে না, এবং পরে বখন ইণ্টিমেসন পাওয়া পেল তখন বোগাবোগের অভাবে অনেক দেরী হয়ে গিরেছে। ১৯৫৬ সালের বন্যার পরই এটা আমরা অনুভব করেছিলাম যে, যেহেড় এই সপে বহু, লোকের ভাগ্য জড়িত সেই কারণেই সেখানে self-recorder radio-operated gauge

রাখা দরকার, এবং রেডিওগ্রাম মারফং সংবাদ দেবার বাবস্থা র খা দরকার। আজকের দিনে টোলগ্রাফ তার কেটে নিরে কিউটিনে লান কাট অফ্ হরে যাওয়ার অজ্হাত একেবারেই অগ্রাহা। একটা মোটওরলজিক্যাল অবজারভেটির করবার যে কথা ছিল সে ব্যাপারেও আজ কিছ্ করা ইল না এবং এ সম্পর্কে যে সমস্ত রেকমেন্ডেসনস এসেছে আপনাদের কাছে বিভিন্ন অভিজ্ঞ মহল খেকে ভাতেও কোন কাজ হয় নি। তারা যে সমস্ত সিরিয়াস ওয়ার্নিং দিরেছিলেন তা কেন আপনারা গ্রহণ করলেন না? এর পর কি বলা হবে? এটাকে সাধারণ মান্বের স্বার্থ সম্পর্কে ভাগ্যে সম্পর্কে চরম উদাসীনতা ছাড়া অংর কি বলা যেতে পারে?

এবার আমি সট টার্ম ও লং টার্ম কতগুলি গ্রোপোঞ্জালএর কথা বলব—বিভিন্ন ক্যাচমেন্ট এটারয়াতে কোথার কোথার ফ্রেনেজ-এর দিক থেকে কতিগ্রুস্ত হরেছে।

[3-40-3-50 p.m.]

কিন্তু কোন দিক থেকে এই ড্রেনেজ ইমপ্রভ্যেন্ট সম্পর্কে কোন বাবস্থা করা হচ্ছে না। সেখানে বলা হবে বে প্রেভিন জমিদারদের বে-সমস্ত বাঁধ ছিল সেগ্লি সমস্ত একটা স্ট্যান্ডারডাইজড কর্ম-এ ছিল না। কিন্তু সরকার বধন সেগ্রেলাকে নিরেছেন তথন সেগ্রেলাকে একটা স্ট্যান্ডারড

করম-এ এনে সেইভাবে মেনটেন করার কি বাবস্থা আপনারা করেছেন? আছকে অভয়ত (व अमर्थ) तीठ हम जात कना (क माम्री ? (मर्थानकात वाँधत अवस्थात कना काथात काथात कि পরিমাণ ক্ষতিগ্রুত হয়েছে তার কি কোন খবর রাখা হচ্চে? ১৯৫৬ সালের ওয়ানিং দেওয়া **मर्ट्ड** र्याप मत्रकात थरक कान वाक्त्या ना करत अथन यीप वर्तान या मवडे क्रावातन प्राप्त कार्या व्यामि वनव य এই সমসত ঢেকে রাখার কোন মানে হয় না। ময় রাক্ষী এলাকাতেও সেই একই প্রশন আজ এসেছে। কুয়ো সংস্কারের কথা দীর্ঘদিন ধরে হচ্ছে, কিন্তু সেখানে কিছু করা হর নি। करनावा. বক্ষেশ্বর এসে যেখানে ময়রোক্ষীতে পড়ছে সেখানেও ঐ অবস্থা হচ্ছে। হিজ্ঞাল বিল खेर जन्माना वित्य राममण्ड धमवा। करमणे हिल त्मरे ममण्ड धमवा। करमणे यहि आधावणस्त्र কোন রকম ক্ষতি করে তাহলে সেগালির জন্য আইনতঃ তাদের বিব্রুদেধ পেনালের ব্যবস্থা নিতে হবে। এই হিজোল বিল বেখানে ঐ অগলে জল রাখার দিক থেকে কার্যকরী হচ্চে সেখানে ছের দিয়ে তার ধারে বাঁধ দেওয়া হয়েছে, অথচ এ সম্পর্কে কেন বাবস্থা করা হয় নি। এর জন ভাগীরথীর অবস্থা খার।প হয়ে যাছে। এই সমস্ত রিপোর্ট আছে। ভাগীরথীতে আছে পর্যান্ত গণ্গা ব্যারেজের কোন কিছু হয় নি এবং সেটা আজ পর্যন্ত ধোয়া হয়েই থেকে গেল। এর জন্য ভাগীরথী, ময়ুরাক্ষী—আমাদের যা সিস্টেম অফ রিভার—বিশেষ করে অজয়ে যে জল নিয়ে যাজে তা প্রচুর সিল্ট নিয়ে যাচ্ছে এবং যার ফলে কাটোয়া দিয়ে প্রায় ১ লক্ষ ২৭ হাজার কিউসেক জল বহন করার ক্ষমতা ভাগীরথীর নেই। এমন কি সেখানে অনেক সময়ে ৩ লক্ষের বেশী হচ্ছে বলে আপনার রিপোর্টে আলোচনা করা হয়েছে। অথচ এই ওয়ার্নিং পাওয়া সত্তেও কিছু করা হয় নি এবং এর ফলে আজ বাংলার প্রতিটা অঞ্চলের মান্য ১৯৫৬ এবং ১৯৫৯ সালের অভিজ্ঞতার তারা ভাবছেন যে কোটি কোটি টাকা বন্যা নিরোধের জন্য সরকারের তরফ থেকে খরচ করার পর र्वाप এইরকম অবম্থা হয় তাহলে সেখানে যে গলদগ্রাল আছে সেগ্রালকে দূরে করা দরকার। কিন্তু আপনাদের যদি আত্মসন্তুষ্টির মনোভাব থাকে তাহলে কিছুই হবে না। এদিক থেকে আত্তকে অন্ততঃ পক্ষে এই ব্যাপারে বিভিন্ন ডিপার্টমেন্ট পরস্পরের পিঠ চাপড়ানোর মনোভাব নিয়ে সেথানকার **এটিগ**ুলি দরে করা উচিত। আপনারা যে এনকোয়ারী কমিটি করেছেন তাতে কেন্দ্র থেকে একজন ডি ভি সি থেকে একজন, বেপাল গভর্নমেন্ট থেকে একজন, রেল থেকে একজন এবং পি ডব্রিউ ডি থেকে একজন থাকবেন—অর্থাৎ দেখা যাচ্ছে যে এই ব্যাপারে প্রত্যেকেই অন্পবিস্তর দায়ী। আমরা জি মণ্ডলের রিপোর্টে দেখি যে সেখানে কাটোয়া, ঘুসকরা ধরে রীজের নম্বর দিয়ে বলা হচ্ছে যে এই এইসমস্ত রেলওয়ে ব্রীজের ওপনিং রার্থেন বলে সেখানে क्षम आऐकाएक। स्मथात्न वामा शक्क स्य एन्टरिंग्ड हेम्पे।स्तरम्धेत पिर्क नक्षत स्तर्थ श्रुवत ऐका भारेत्नत অফিসাররা সাধারণ ছোট ছোট চাষীদের কি হল না হল সেদিকে তারা কোন কেয়ার করে নি। প্রভাবশালী এই সমস্ত প্রতিষ্ঠানগুলো জনসাধারণের স্বার্থ যাতে বিশেষভাবে দেখে সেইবুক্ম-ভাবে আইনের বাবস্থা রাখা উচিত এবং এ বিষয়ে তাদের কমপেল করা উচিত যাতে তারা সাধারণের ম্বার্থ আগে দেখে। র্ণপ ডবিউ ডি-র রাস্তার কথা বলা হয়েছে যে তারাই এর জন্য দায়ী। বাই द्धाक आमता प्रथिष्ट এই तिलाएँ योथजात निकासत मात्रिक म्थामत्तत कथाई आह्य। स्मक्ता বলব যে এরজন্য যারা দায়ী তাদের জন্য উপযুক্ত ব্যবস্থা গ্রহণ করুন। আমরা জানতে চাই বে এই কমিটির মধ্যে কেন বেসরকারী লোক থাকবেন না? ১৯৪৩ সালে বন্যা নিয়ে যে অনুসেশ্যান কমিটি হয়েছিল সেই কমিটির চেয়ারম্যান ছিলেন বর্ধমানের রাজা। কিন্তু **এবিবরে** তিনি ইঞ্জিনীয়ার বা এক্সপার্ট নন। সেজনা বর্লাছ যে যে এলাকার অধিবাসীরা এর জনা দর্গতি ভোগ করেছে সেসব এলাকার লোক এই সমসত কমিটির ভেতরে থাকবে এবং এক্সপার্ট বারা থাকবেন তারা যেন কেউ এর সংগ্য যান্ত না থাকেন। অর্থাং যদি এক্সপার্ট এর সংগ্য যান্ত থাকেন তাহলে তিনি ভেতরের জিনিষ বলবেন না ষেটা আসলে ইঞ্জিনীয়ারিং কলেজের লোক বলতে পারবেন। অর্থাৎ বারা এর স্বার্থের সপ্সে যুক্ত নন এইরকম ধরনের ইঞ্জিনীয়ার নিয়ে এসে যদি অনুসন্ধান করা इस जरु मिजाकारतत तिरभागे रवत रव। हुनी, क्रमभात स अवस्था, नमीस स्ममात स अवस्था, ২৪-পরগন র মাতলা, কুলটির যে অবস্থা এবং সেখানকার মেছো ভেড়ীর প্রভৃতির জন্য বে অবস্থা रममय मृत कत्रात कान वायम्था कत्रा २ एक ना। ১৯৫৬ माल धवर ১৯৫১ माल ख मुटी ওয়ার্নিং হল তারপর সমস্ত জিনিষগুলোকে ভাল করে বিবেচনা করা উচিত ছিল। এটা সর্বত্ত স্বীকৃত সতা যে আকরেন্টেশনের দিক থেকে কিছু করা হয় নি। আপনার কাচমেন্ট **এরিরা** अवर महान हैद्वाभान वा हत्क, विकासीदिव नाहेफ कि हत्क स्माव किहा तथा हत्र नि। खातादिव

653

সম্পর্কেও তাই এবং এখানেও তাঁদের সিম্পান্তকে নেওরা দরকার। আগে হিসাব ছিল ডি ছি সি থেকে ৬ই লক্ষ কিউসেক জল দেওরা হবে এবং ডিজাইনড ফ্রাড হিসাবে তের দিন-এর কথা ছিল ১০ লক্ষ্য, কিন্তু সেসব কিছু করা হয় নি। লোয়ার রেপ্ত-এর সঙ্গে ডেনেজের গ্রুত্ব দিতে হবে এবং ভাগীরখীর মেন আউটফলের যদি ব্যবস্থা না করা হয় ত হলে কিছুই হবে না। অর্থাৎ দুটো বনারে পর কেন্দ্রীয় এবং পশ্চিমবর্গ্য সরকারের এইগ্রিল স্বচেয়ে বড় সমস্যা এবং সেই হিসাবে এই সমস্য র সমাধান যাতে করতে পারেন সেদিকে মন দেওয়া উচিত।

Date for discussion of the Report of the Public Service Commission, 1956-57 and the Report of the Public Accounts Committee on Appropriation Accounts.

Shri Subodh Banerjee: Mr. Deputy Speaker, Sir, I was not present in the House but I find that the Annual Report of the Public Service Commission for the year 1956-57 and the Report of the Public Accounts Committee on the Appropriation Accounts for 1953-54 and 1954-55 have been placed before the House, and I also understand that no motion has been moved for discussion of the same. I formally move the motion that these two reports be discussed and a date be fixed for the purpose.

Shri Jagannath Kolay:

আমার মনে হয় নেকসট্ সেসনে এটা ডিসকাসন দেওয়া উচিৎ।

Death-leap from New Secretariat Building

Dr. Radhakrishna Pal:

আমি একটা বিষয়ের প্রতি দৃষ্টি আকর্ষণ কর্বছি এবং সেটা হল ঐ ১৩ তলা বাড়ীটা একটা মাতুমেণ্ড তৈরী হয়েছে এবং এখনই এক দন্তাগাব জীবন শেষ হরেছে। এরকম যদি দিনের পর দিন হতে থাকে তাহলে আমরাও হয়ত কোন দিন তার উপর গিয়ে উঠে পড়ব। সন্তরাং এর একটা বাবস্থা কর্ন।

DUBATE ON PLOOD AND RELIEF

[3-50—4 p.m.]

Si. Mihirlal Chatteriee:

মাননীয় ডেপ্রটি স্পীকার মহাশ্যু গত অক্টেবর মাসে পশ্চিমবংগের প্রায় ১১টি জেলায় যে ভয়াবহ বন্যা হর্মোছল তার কারণ সম্বন্ধে অন্সম্ধান করবার জন্য গভর্নমেন্ট একটা এনকোয়ারী কমিটি নিয়োগ করতে চান, এ কথা আমরা গত ২ মাস যাবত শনে আসছি। কিন্তু এইরকম একটা জর্বী ব্যাপারে গভর্ন মেন্ট এই দুই মাসের মধ্যে এনকোয়ারী কমিটি গঠন করতে পারলেন না এবং এনকোয়ারী কমিটির কাজ আজ পর্যান্ত শ্বর হল না। কাজেই, যে সমস্ত এলাকা বন্যা-বিধন্নত হয়েছে সেই সমস্ত এলাকার লোকেরা মনে করে যে, আরও কিছু,দিন এইভাবে চলে যাবার পর সমন্ত ব্যাপারটা হোয়াইট ওয়াশ করবার বন্দোবন্ত পশ্চিমবংগ গভর্নমেন্ট করতে চান। জর্রী ব্যাপারে জর্রী তদন্ত যদি না হয়, তাহলে মান্য কি করে জানতে পারবে কেন বন্যা रार्त्राहल, এই वना त खना पायी एक এवः याता प्राप्ती जाएनत कि वायम्था कता शाकः। भारत, जानाक বলেন, বেমন মন্ত্রী মহাশয়রা বললেন, যে অভাধিক ব ণ্টিপাতের জন্য এ বছরে বন্যা এত ব্যাপক-ভাবে দেখা দিয়েছে। বৃণ্টিপাত কোন বছর স্বাভাবিক হবে, কোন বছর স্বাভাবিকের চেয়ে কল হবে, আবার কেনে বছর স্বাভাবিকের চেয়ে বেশী হবে। কিন্তু অস্বভাবিক ব্লিটপাত হলেই র্যাদ বন্যার সম্মুখীন হতে হয় তবে আমাদের ভবিষ্যাৎ সম্পূর্ণ অনিম্চিত। ১৯৫৬ সালে বন্যার সমর মনে হয়েছিল যে এবারকার বন্যার মত বন্যা আর কখনও হয় নি। ১৯৫৯ সালের অর্থাৎ এ বছরের বন্যার সময় লোকে বলেছে তারা তাদের জীবিতক'লে এই রকম বন্যা আর কথনও দেখে নি। এর পদ্ধে কোন কোন ইঞ্জিনীয়ার বলতে আরম্ভ করেছেন যে ২।৩ বছর পরে আবার ৰ্ষিদ এইরকম দ্বিউপাত হয়, তাহ্দ্রে এবারে যে পরিমাণ বন্যা হয়েছে তার চেয়ে অনেক বেশী

পরিমাণ বন্যা হবে। আমি নিজে ময়ুরাক্ষী এলাকায় বসবাস করি। আমি সেই **অঞ্চলের** লোককে বলতে শ্রেনছি যে এইরকম বন্যা এর আগে কখনও কোনদিন দেখে নি। মর্রাক্ষী ব্যারেজ তৈরি হবার পর এবং মশানজোড ভাম তৈরি হবার পর নিশ্চয়ই তার কাজকর্মের মধ্যে, তার পরিচ লনার মধ্যে, তার জল নিয়ন্ত্রণের মধ্যে, জল ছ ভ.র মধ্যে এমন কোন গলদ আছে, যার জন্য এই ভয়াবহ বন্যায় ক:দ্দী মহকুমা সর্বসান্ত হয়েছে এবং বীরভূমের বহু এলাকার সর্বনাশ হয়েছে। এই ধারণা সম্পূর্ণ ভ্রাণ্ড হতে পারে, কিন্তু এই ধারণা যে ভ্রাণ্ড একথা ব্রিষয়ে দেবার মত কোন প্রচেষ্টা সরকারের তরফ থেকে আজ পর্যন্ত হয় নি। সরকার যদি এই ২ মাসের মধ্যে **रकान स्निप्टेरमण्डे देन, करत वना**।त श्रुक्त कात्रन कि वलार्ज शांतरजन-यानिख स्निप्टे**रमण्डे देन, कत्रल** বিপদ আছে- যে সেটা সতা না হতে পারে, সেটা তথামূলক না হতে পারে, তাহলেও মানুষ কিছুটা। আশ্বদত হতে পারত। ময়রোক্ষী অঞ্জেব জনগণ বিশেষ কবে মর্নিশান দের কান্দী অঞ্জের **लाक्त्रा एर अलल एएक** माननीय मन्त्री निम्नलहरू जिल्हा भटागर अप्तरहान अवर वीत्रहाम स्कलात বহু মানুষ মনে করে যে এর পর যদি আবার বন্যা হয় এবং সেই বন্যাব জল যদি ২ ৷৩ ফুট বেশী ছয় তাহলে মান্যাের যে কি সর্বনাশ হবে তা কল্পনা করা যায় না – সিউডী সহর পর্যন্ত হয়ত জলের তলায় ডুবে যেতে পারে। সারে, ১৯৫৬ সালে ময়রাফীতে যে বন্যা হয়েছিল, এ বছরের বন্যা তার চেয়ে ৩ ফুট প্রায় বেশী হয়েছে। এত বন্যার কারণ কি? স্যার, জনসাধারণ বলে ইতিপূর্বে বহাব র মাথার উপর ২।৩।৪ দিন ধরে ব্রিট হয়েছে, ব্রিটর জলে ভিজেছি, বন্টির জলে কটে পেয়েছি, কিন্তু রাত দূপেরে আমব, ব ভীতে শায়ে আছি নিশ্চিন্ত মনে, কোথাও কিছু, নাই, এমন সময় হঠাং বিরাট জলস্নোত এসে হাজির হয়ে প্রামতে প্রাম ভাসিয়ে দিলে, গ্রামে গ্রামে কলরব উঠল, ত্রাহি তাহি ড ক ছেডে মানুষ এদিকে ওদিকে ছাটতে আরম্ভ করল, কি করে বন্যার **হাত থেকে বাঁচা যায়, এমন ধ**রনের বন্যা ময় রাক্ষী এলাকায় কখনও দেখা যায় নি। স্যার, সাধারণ লোকের ধারনা এই ময়য়োক্ষী পরিকল্পনা এবং দ মোদব ভালী পরিকল্পনা হয়ত আশীর্বাদ হতে পারে, কিন্তু ১৯৫৬ সালে এবং ১৯৫৯ সালে দেখা য চ্ছে এই ময়্রক্ষী এবং **দামে দরের বাঁধ অভিশাপে পরিণত হয়েছে। এই দ**ুই পরিকল্পনাকে অভিশাপ বলে মনে করা **ছয়ত জনসাধারণের পক্ষে ভূল হতে** পারে একথা ঠিক, কারণ একথাও আমরা জানি যে কান্দী মহকুমাতে এ বছরে অক্টোবর মাসে ১ সণ্ডাহে প্রায় ২৫ ইণ্ডি বৃণ্ডি হয়েছে। এটা অত্যত **অস্বাভাবিক সে বিষয়ে কোন সন্দেহ নে**ই। মশ্যনভোড এলাকাতে ২১ ইণ্ডি বৃণ্টি **হয়েছিল** ৭ দিনের মধ্যে, এটা অভাতে অংব।ভাবিব, িরভুম তেও। য ১৮ ইণ্ডি বেকল হয়েছে। এক **সংতাহের মধ্যে এত বৃণ্টিপানের ইতিহাসে নে**ই একগা ঠিকই। কিন্তু অত্যধিক বৃণ্টিপাত হলে **শেই ব্**ণিটর জলকে ঠিক পথে পরিচালনা করবার এনা ড্রেনেজ সিস্টেম ঠিক করা যয়, বাঁধগ**্লি** ঠিক রাথবার যে দায়িত্ব- সেই দায়িত নিশ্চয়ই পশ্চিমবাংলা স্বকার পালন করেন নি. তা না হলে **নদীর ব'ধে ভাগ্যেরে কেন এবং নদীর বাঁ**ধ ভাগ্যার জন্ম জন্মাধ্যরণ এত কণ্ট পারে কেন ? স্যার, আমি জিজ্ঞাসা করি মেটিরিওলজিক্যাল আর্থাসস্টান্ট দিয়ে সারা প্রথিবী জুডে জাহাজ ও **এবোম্পেনগ**্রিল আটেলান্টিক, প্যাসিফিক পুরু হয় -আমাদের বাংলাদেশে কোন মেটিরিওলজিক্যাল অ্যাসিস্টেন্ট আমাদের ইরিগেশন ডিপার্টমেন্টে গ্রহণ করেছিলেন যার জনা বন্যা সম্বন্ধে কোন রকম একটা আইডিয়া তাঁরা করতে পারলেন না? সাার সেক্রেটারয়েট থেকে বন্যার সম্ভাবনা সম্বন্ধে একটা চিঠি পর্যন্ত গেল না. একটা টেলিফোন গেল না. একটা টেলিগ্রাম পর্যন্ত গেল না ধে কোন্ কোন্ এলাকাতে দার্ণ বৃণ্টিপাতের সম্ভাবনা আছে। একদিকে মাথার উপর বিরাট পরিমাণ জল পড়ছে, অন্যাদকে ডামে প্রচর পরিমাণ জল ধরে রেখে দেওয়া হয়েছে, ডামের গেট **ভाল वन्ध करत रतर्थ मिलु**या हाराष्ट्र, वारतरकत राग्धे जान वन्ध करत मिलुया हाराष्ट्र—जात **फरन** ষা ইবার তা হয়েছে। স্মার জনসাধারণের ধারণা ভল হতে পারে কারণ জনসাধারণ তাদের নিজের অবৈজ্ঞানিক ধরণা নিয়ে চলে: কিন্তু এক্সপার্টদের পক্ষে এটা ব্রঝিয়ে দেওয়ার সময় **এসেছে কে**ন এই বন্যা হয়েছে, এই বন্যা প্রতিরোধ করার কি কে'ন উপায় ছিল না—এবং যথাসময়ে •**।ই বনা: প্রতিরোধ** না করার জনা দায়ী কে? তারপরে রিলিফের ব্যাপারে আমি বলতে চাই। **ক্রিক্ট ইওর ওন হ উস স্কীয়ের ক্রথা গভর্নমে**ন্ট বলছেন। ১৯৫৬ সালে কিন্তু ইওর ওন হাউস স্ক্রীম গভর্নমেন্ট নানা জায়গায় প্রচলন করেছিলেন। আমি কয়েকটা জায়গায় দেখেছি—এই বিল্ড ইওর ওন হাউস স্কামের কান্ধ অত্যন্ত থারাপভাবে হয়েছে। গভন মেন্টের তর**ফ থেকে বে চাকা পেওরা হ্রেছে সেই টান ক'রা** মাটির দেওরালের উপর চাপানো হরেছে, পাকা বাড়ীর উপর

চাপানো হর নি। ফলে, কোথাও কোথাও বিল্ড ইওর ওন হাউস দ্কীমে যে সমুদ্ত বাড়ী তৈরি হরেছিল সেই সমুদ্ত বাড়ী এই বংসর বন্যায় ভূমিসাং হয়ে গেছে। আমার অনুরোধ বিল্ড ইওর ওন হাউস দ্কীমে আবারও যদি গভন মেন্ট কাজ অরুদ্ত করতে চান, তাহলে তারা যেন একট্ বিবেচনার সংগ্যে কাজ করেন এবং এই কাজ যাতে ফাঁকি দিয়ে না চলে তার বাবস্থা করেন।

Si. Hemanta Kumar Basu:

ডেপন্টি স্পীকার মহোদয়, গত ভরাবহ বনায় দেশের জনসাধারণের বিরাট ক্ষতি হয়েছে, লক্ষ লক্ষ জনসাধারণ বিপর্যস্ত হয়েছেন, লক্ষ লক্ষ ঘর ধর্ংস হয়েছে, অনেক গর্-বাছ্রে মরেছে, প্রচুর খাদ্যাশস্য নন্ট হয়েছে। এই বিরাট বনা য় বাংলাদেশের সংধারণ লোক, বাংলাদেশের বিভিন্ন সেবা প্রতিষ্ঠান, সেবা সমিতি, সরকার এবং সমণত রাজনৈতিক দল সকলে সাধ্যমত দেশের জনসাধারণের দ্বংথে পরিশ্রম করেছেন—চল, কাপড়, টাকা, ঔষধ সংগ্রহ করে বন্যার্ডদের সেবার জন্য পাঠিয়েছেন তার জন্য তাঁরা নিশ্চয়ই ধন্যবাদের পাত্র সে বিষয়ে সন্দেহ নেই। মন্ত্রী মহাশয় রিলিফের যে হিসাব দিলেন তাতে বন্যার ব্যাপকতার তুলনায় সাহায্য থথেণ্ট নয় বলতে হবে। আমি অনেক জায়গায় ঘ্রেরে দেখেছি যে বন্যার্ডরা অনেক সময় সাহায্য পায় নি বা অন্যান্য প্রয়োজনীয় জিনিষ প্রয় নি।

[4-4-10 p.m.]

অমি অনেক জায়গায় গিয়েছি এবং দেখেছি যে যারা বন্যত তারা অনেক সময় ডে:ল পায় নি সাহায়্য পায় নি তাদের যা প্রয়েজনীয় জিনিস তা তারা পায় নি। তারা **অত্যত্ত দূরবস্থার** মধ্যে দিন কাটিয়েছে। যাই হোক এখন সবচেয়ে বড় প্রশ্ন হচ্ছে কি করে, কিভাবে বন্যা প্রতিরোধের বাবস্থা করা যায়। আজ বিজ্ঞানের সাহায্যে প্রকৃতিকে সংঘত করে মানুষের কল্যাণের কাজে লাগান সম্ভব। প্ৰিকঃপ্ৰাৱ সাহাযো দেশের নানা রকম উন্নতিবিধান করা সম্ভব। অন্যান্য দেশে তারা পরিকংপনার সাহাযে। অনেক ভাল ভাল কাজ করেছেন। রাশিয়া হে।ক, চীন হোক, যে-কোন দেশ হোক, ভারা পবিকল্পনার সাহায্যে নিজেদের দেশের কৃষি, শিল্প, শিক্ষা, স্বাস্থ্য, সকল দিক থেকে ঢেণ্টা করে উন্নত করতে পেরেছে। কিণ্তু আমাদের দেশে ঠিক সেই-ভাবে পরিকল্পনার দ্বারা অগ্রসর হতে পারি নি। আমাদের দেশে বন্যা প্রতিরোধ একটা বিরাট সমসা। আমার মনে আছে, তখন আমি সেকেন্ড ক্রাসের ছাত্র ১৯১৩ সালে বর্ধমানে ভিষ্ বন্যা হয়। সেই বন্যয় আমি সেব:-কার্য করতে গিয়েছিলাম। আমাকে তিন, চার দিন নৌকায় থাকতে হয়েছে। সেই বনায় যদিও অনেক ঘর বাড়ী নত হয়েছিল, কিছু মান্ধ, পশ্ম, পক্ষী মারা গিয়েছিল। কিন্তু তার প্রকোপ এত ব্যাপক ছিল না। নেত জী স্ভাস**চন্দ্র তিনি উত্তরবশ্যের** বন্যায় স্বেচ্ছাসেবক নিয়ে গিয়ে যেভাবে মাসের পর মাস সেখানে থেকে, বন্যাপীড়িতদের জন্য সেবা ও পরিশ্রম কর্মেছলেন সে কথা আপনারা সকলেই জানেন। ১৯৫৬ স'লেও একটা বিরাট বন্যায় বাংলাদেশের বহু গ্রাম, শহর ধরংস হল, লোক বিপ্লাহল, তথন আমরা দাবী করেছিলাম এ সম্বশ্বে একটা কমিটি গঠন করা হোক, সেই কমিটি বনা। প্রতিরেধের বাবস্থা যাতে করতে পারে সে বিষয় চিন্তা কর্ম এবং চিন্তা করে তারা সে সম্বন্ধে একটা রিপোর্ট দিন। কিন্তু এখনও পর্যত্ত সে রকম কেন কমিটির রিপোর্ট আমাদের সামনে আসে নি। সরকার মনে করলেন ১৯৫৬ সালের বনাার পর অ র হয়ত বন্যা হবে না। আবার যে ১৯৫৯ সালে এক বিরাট বন্যার সম্মুখীন হতে হবে বাংলাদেশকে, সে কথা তাঁরা ভাবতে পারেন নি। সেই জন্য একটা কমিটি নিয়োগ করেও সেই কমিটির রিপোর্ট বা সংপারিশকে কার্যে পরিণত করবার চেষ্টা করেন নি। ট্রান্সপোর্ট ও ক্মিউনিকেসনের তদ নিন্তন ভারত গভর্নমেন্টের মিনিস্টার শ্রীহ,মাহ,ন কবির, তিনি এখানে এসে বলেছিলেন ১৯৫৬ সালে লোয়র গ্যানজেটিক প্লেনের যে অবস্থা, যে সিচয়েসন সে সন্বন্ধে নিশ্চয়ই ভারত গভর্নমেণ্ট একটা প্লান গ্রহণ করবেন। কিন্তু সে বিষয় আমরা কিছুই শূনতে পাচ্ছি না। কোটি কোটি টাকা থরচ করে দুমোদর ভালী পরিকল্পনা করেছেন। সেখানে বড় বড় অফিসার নিয়োগ করেছেন, কিন্তু ফল সেরকম হচ্ছে না। বর্উদ্দিন সাহেব টেনেসী ভালীর একজন খবে বড় ইরিগেসন ইঞ্চিনীয়ার এলেন, আর একজন বড় ইঞ্জিনীয়ার মর্গান সহেব এলেন। তাঁদের কাছে সাহায্য চাওয়া হল পরিকল্পনার জন্য। কিন্তু তাঁরা যে পরিকল্পনা আমদের সামনে উপস্থিত করলেন, সেই পরিক**ল্পনাকে** আমরা প্রাপ্রিভাবে কার্বে পরিণত করলাম না। ধখন বাংলাদেশের পরিকল্পনা হয়, তখন

সাড়ে ছর লক্ষ কিউসেক বৃষ্টি হত। তাই ব্রুড়িশন ও মর্গান সাহেবের যে স্প্যান ছিল, সেই স্প্যানকে পরিবর্তন করে সাড়ে ছর লক্ষ কিউসেক জল ধরে এই রকম ধরনের ড্যাম এরা তৈরি করলেন। আঞ্চকে বলা হচ্ছে, আয়ার ড্যাম করা হোক। আর ষাই হোক, বাংলাদেশের লোক চার, আঞ্চ তারা দাবী করছে যে বন্যা প্রতিরোধের জন্য বিজ্ঞানসম্মত উপায়ে ব্যবস্থা করা হোক। $[4-10-4-20~\mathrm{p.m.}]$

8j. Jatindra Chandra Chakravarty:

স্যার, দামোদর নদাঁকে বলা হয়ে থাকে রিভার অব উও, তেমনি দামোদর প্রজেক্টকে ময়্রাক্ষী প্রজেক্টকে বলা যেতে পারে প্রজেক্ট অব উওজ। কারণ এই দুটো প্রজেক্ট মান্যের দুঃখ কমারনি বরং দুঃখ বাড়িয়েছে। স্যার, যে বন্যা হয়ে গেল এই প্রজেকটারিল থাকা সজুও এবং তাতে ষে ক্ষমক্ষতি হয়েছে তার পরিমাণ আমাদের এই প্রাচ্তকার মধ্যে দেওয়া হয়েছে। মাননীয় সদস্য বিনয় চৌধুরী মহাশয় এবং শ্রুখভাজন হেমত্বাব্ এটা বলেছিলেন যে এটা হল ম্যান-মেড ক্লাড। কিন্তু স্যার, যদি এটা ম্যান-মেড ক্লাড হয় তাহলে সেই ম্যানটি কে তা কেউ বলছেন না। আমি সেটা বলাছ, এই ম্যান-মেড ক্লাড হয় তাহলে সেই ম্যানটি কে তা কেউ বলছেন না। আমি সেটা বলাছ, এই ম্যান-মেড ক্লাডএর মাানটি হছে অজয়বাব্, এটা অজয় মেড ক্লাড, আমি আর একট্র বাড়িয়ে বলাছ এটা ভূপতি-অজয় মেড ক্লাড। স্বাধীনতার পর থেকে ভূপতিবাব্র ইরিগোশন মিনিন্টার ছিলেন। তারপর ১৯৫২ সাল থেকে অজয়বাব্ মন্ত্রী হয়েছেন। আর এদের অক্কতার ও অনভিক্কতার স্কুযোগ নিয়েছেন কয়েকজন দায়িম্বক্তানহীন নীতিক্তানহীন ইজিনিয়ারস, তারা কেউ ইরিগোসন ডিপারমেন্টেএর ইনচার্জ, কেউ ডি ভি সি-র ইনচার্জ, কেউ ময়্রাক্ষীর ইন্চার্জ হয়ে আছেন। দক্ষিণ পশ্চিম বাংলায় এবং পশ্চিম বাংলার মেইন পোরশনএ তিনটি রিভার সিস্টেম আছে। প্রথমতঃ ভাগীয়থী-হ্গলনী

main drainage channel for the whole of West Bengal দ্বিতীয়তঃ পশ্চিম দিকে ময়্রাক্ষী অজয় দামোদর র্পনারায়ণ, তৃতীয়তঃ প্রিদিকে Nadia system of rivers, Bhagirathi, Jalangi, Mathabhanga, Churni

ইত্যাদি সমুহত নদীপথ ও অববাহিকা সামগ্রিকভাবে নিয়ে বাংলাদেশের সেচ বাবস্থা রয়েছে। আমি জিজ্ঞাস। করি এই দুজন মণ্ট্রী কি কোর্নাদন কোন কম্প্রিহেন্সিভ প্ল্যান করেছেন? তারা প্রয়োজনও বোধ হয় করেন নি। এমনাক এ সম্পর্কে যে ন্যুনতম ব্যবস্থা হাইড্রে গ্রাফিক ডেটার জন্য টাকা র খার প্রয়োজন সে বাবস্থা পর্যন্ত সরকার পক্ষ থেকে হয় নি। তার ফলে এই ইঞ্জিনীয়াররা যেমন খুসী তেমনি করে মন্ত্রীদের বু.ঝিয়ে দিতে পারেন ফলে আমরা দেখেছি যে ডাঃ রায় আজ বলেছেন তাঁদের গলার সাথে সূর মিলিয়ে, আয়ার ডাাম হওয়া চাই, অজয়বাব্যও বলছেন, আয় র ড্যাম হওয়া দরকার: বিনয়বাব, বলেছেন গুণ্গাব্যারাজ না হওয়া পর্যন্ত নাকি **এ সমস্যার সমাধান হবে না। আজকে যদি কেন্দ্রীয় সরকর গঙ্গা ব্যারাজ পরিকল্পনা গ্রহণ** করে, সোজা হিসাব হচ্ছে, ২০ বছর আগে এই ব্যারাজ তৈরি হবে না এবং এই ব্যারাজের উপর থেকে নালা কেটে ভাগীরথী হুগলী দিয়ে ২০ হাজার কিউসেক ক্রমাণত বইয়ে দিয়ে গুণ্গাকে গভীর করবেন এবং ভ্রেনেজ ক্যাপাসিটি বাডতে আরও ৫-৬ বছর লাগবে। এই অর্ন্তবিত**ীকালে** ময়ুরাক্ষীর স্লাবনে মুশিদাবাদ কাঁথি ভাসতে থাকবে। বছর বছর অজয় জলস্গী শ্বারা কালনা নবন্বীপকে ডুবিয়ে দেওয়া যাবে, দামোদরের বন্যায় হ,গলী, বর্ধমান, হাওড়া বারবার ভেসে যাবে। স্যার, সেবারকার যে প্রান্তিকা দিয়েছেন তার মধ্যে দেখছি ক্ষয়ক্ষতি হয়েছে ৭০ কোটি টাকা এবং এই যে দায়িত্ব দিয়ে রেখেছেন এ দুটো লোকের উপর তারা ডেনেজএর কথা চিন্তা করেন নি। **তাঁরা ডাাম করলেন, বাঁধ বে'ধে দিলেন, রাস্তাঘাট করা হল কিন্ত তাদের এই বন্যা রোধ করার কোন** পরিকল্পনাছিল না। তাঁরা দোষ দিচ্ছেন, অতিব্লিট হয়েছে বলে। সার, অতিব্লিট নয়, সহজ্ঞ ও সোজা বুন্দি যদি থাকতো, পরিকল্পনা যদি একটা বেশি থাকতো, প্রশাসনিক কুশলতা থাকতো, তাহলে অনেক পরিমাণে এটা কমান যেতো। ১৯৫৬ সালের যে ওয়ারনিং সেই ওয়ারনিং নেওয়া হয় নি। এবং ময়্রাক্ষী প্রজেষ্ট্র কানাডা ড্যাম বন্যার জন্য দেওয়া হয় নি বলা হয়েছে। কিন্তু কাঁথি মহকুমার লোকেরা জানে কানাডা ডামএর জন্য বার বার বংসরের পর বংসর তাদের দেশ ড়বছে, তারা দুছোত তলে প্রার্থনা করছে যে ক্যানাডা ড্যাম থেকে আমাদের রেহাই দেওরা হোক। জিজ্ঞাসা করতে পারি কি এই ফ্রাড প্রোটেকসন ডাাম ময়রাক্ষী কর্তপক্ষ বলেছে যে ফ্রাড প্রটেকশন নর—বিদিও তারা বহু, পরিমাণে অতিক্ষিটর জল আটকৈ রেখেছিল তা সভেও কেন ভিজ্ঞাস। করতে পারি কি এই জল তাকে কে আটকে রাখতে বলেছিল। সেপ্টেম্বরএর দুই সপতাহে অতিবৃদ্ধি শেষ হয়ে গেলে পর ৩০এ সেপ্টেম্বর যে পর্যন্ত বৃদ্ধি হয়েছিল তাকে অতিবৃদ্ধি বলা বা রনা। গোটা সেপ্টেম্বার অগাস্ট মাসে ময়্রাক্ষী ক্যাচমেন্ট এরিয়ার নিচে যথেন্ট বৃদ্ধি হলা বার ফলে ভাল ধান হল তব্ কেন তাদের জল ধরে রাখতে দল। মন্দ্রী মহাশয় অর্ডার দির্মেছিলেন কি কিম্বা অর্ডার এয়াট অল দেওয়া হয়েছিল কিনা। আমাদের এখানে যে প্রজেষ্ট হয়েছে তাতে দামোদরের কর্তৃপক্ষও সেই অপরধে অপরাধী। আসল বাবস্থা করা হয়েছিল, মেইন পারপাস অব দিস প্রজেষ্ট হল ৩টা। প্রথম হল য়াড, দ্বিতীয় হল ইরিগেশন, আর তৃতীয় হল পাওয়ার এয়ান্ড ইলেক্টিসিটি। কিন্তু সয়র, য়াড কন্টেলকে আজকে থার্ড গ্রেড ইমপরটেন্স দেওয়া হছে। কারণ বাংল দেশের বাইরে নন বেঞ্চল কন্টোল অব ডি ডি সি বারা তারা বাংলাদেশের এয়ডিমিনস্টেসন করেন। আজকে তাই এই

Non-Bengal Control of administration

এই ফ্লাড কন্ট্রোলকে থার্ড গ্রেড ইমপরটেণ্স দিয়েছে যদিও ফ্লাড কন্ট্রোলএ একজন বাঙ্গালীকৈ কাসয়ে রাখা হয়েছে ইউ এন ঘে যাল, তব্ভ সেখানে তার। এই ব্যাপারকে থার্ড গ্রেড ইমপরটেন্স দিয়েছে। দ্বিতীয় কারণ হচ্ছে এয়ার্ডামানস্ট্রোটভ বাংগিলং এবং

criminal short sightedness of the engineers

স্যার, আবার আয়ার ড্যামএর কথা বলা হয়েছে এবং আমরা জানি যেখানে এই নিয়ে যে কমিটি গঠন করা হয়েছে তাতে অ'লোচনা হয়েছে

how best to utilise water resources of D.V.C. and how to manage them এবং আমরা শুনেছি যে আয়র জ্যামকে ফ্রন্ড কন্টোলএ রূপ দেবার জন্য চেণ্টা চলছে। আয়ার জ্যাম হোক ততে আমাদের অপত্তি নেই। কিন্তু এই আয়ার জ্যামএর আড়ালে আজকে যদি সরকার আত্মগোপন করে রাখতে চান তাথলে আমরা সেথানে আপত্তি জানাই। বিশেষ করে যথন আয়ার জ্যামএর খরচ বাংলাকে দিতে হবে তখন এই জ্যামএর শ্বারা এ্যাফেক্টেড লওয়ার জ্যাদিল দামোদর, রূপনারায়ণ, হ্ললা,র কি উপায় হবে সে সম্পর্কে বাংলাদেশের ইরিবােশন ইন্ধিলায়াররা, বিভিন্ন মত পোষণ করেন। সেইজন্য আজকে এই আয়ার জ্যামএর অজ্যালে ওয়েণ্ট বেণ্ডল গভর্নমেন্ট আত্মরক্ষা করতে চান তাহলে তা চলবে না। স্যার, কেন জল ধরে রাখা হয়েছিল আজকে সেটাই সব থেকে বজ্ প্রশান। বিনয়বাবার ও অনেকে একথা বলেছেন কিন্তু মিঃ দাশগর্শতর যে কথা দেটটসম্যানএ বেরিয়েছিল সেখানে বলা হয়েছিল এই জল জমিয়ে রাখা হয়েছিল কেন। ১৫ই সেপ্টেমরর ট্ব ২৩এ সেপ্টেম্বরএ কেন জল জাময়ে রাখা হয়েছিল তার জবাব আমরা চাই। শেনা যায়, সত্য কিনা জানি না। গ্রেজব শোনা যায় পানচেট জাম পাণ্ডত নেহের্র আসার কথাছিল অক্টোবর মাসে এবং সেখানে যখন ফাংশন হবে তখন প্রচুর জল যাতে নিগ্রিত হয় সেটা তাকৈ দেখাবার জনাই নাকি এই জল জমিয়ে রাখা হয়েছিল।

[4-20-4-30 p.m.]

কিন্তু যে কমিটি বসান হবে সেই কমিটি যেন এটা অন্সংধান করে দেখেন। তাঁরা বলছেন তাঁরা নাকি মেটিওরলজিক্যাল ডিপার্টমেন্ট, থেকে কেন খবর পান নি। আমি এখানে জিল্পাসা করতে চাই এটা কি সত্যি নর যে ডি ভি সি একটা ক্যান করেছিলেন হাজারীবাগে একটা মেটেরওলজিক্যাল অবজারভিটিভ খোলা হবে। কিন্তু ১৯৫৬ সালের এবং এ বছরের বন্যার পরে ও সেই অবজারভেটির খোলার ক্যান কেন বাতিল করা হয়েছে। এটা কি সত্যি নর যে আলীপুর অবজারভেটিভ থেকে ২৮এ সেপ্টেন্বর তারিখে এই ওয়ারনিং দেওয়া হয়েছিল যে বে অব বেজালএ প্রবল জ্যোর আসছে। এই ওয়ারনিং ২৮ তারিখে আলীপুর অবজারভেটির থেকে ডি ভি সিকে দেওয়া হয়েছিল। কিন্তু তা সত্ত্বেও ডাম ইজিনীয়ার চরম দায়িছহীনতার সহিত সেটা উপেক্ষা করেছেন। যার ফলে ১লা অক্টোবর তারিখে যে বন্যা হল, যে অতিব্রুটি হল ওখানে যে জল জমিরে রাখা হয়েছিল সেটা বদি ওয়ারনিং পাওয়ার পর বেশী কোরে ছেড়ে দিতেন তাহলে এ সর্বনাশ হস্ত না। সেজনা স্যার সকলেই এটা বলবেন যে এটা ম্যান-মেড ফ্লাড। এবং ১৯৫৬ সালের বন্যার পর তারা সত্রুক হনে নি। এবার যে খাদ্য আন্দোলন চলে তার ফলে কংগ্রেস সরকারের বিরুদ্ধে যে বিক্ষোভ ধুমারিত হয়ে উঠে ঠিক সেই সময় তারা এই বন্যা নিমে এসেছেন, এই

ম্যান-মেড ফ্লাড করেছেন। আমি হৃসিয়ার করে দিচ্ছি এবং এই সাবধান বাণী উচ্চারণ করছি ষে আগামী সাধারণ নির্বাচনের আগে আবার তারা বন্যা নিয়ে আসবেন। এবং সেই বন্যার মধ্যে াদরে তারা নিজেদের ভোট জোগার করবেন। এটাই হচ্ছে ট্রাম কার্ড। তা র্যাদ না হত এবং তাদের কোন রাজনৈতিক অভিসন্ধি না থাকত তাহলে ১৯৫৬ সালের বন্যার পর আলীপরে অবজারভেটরি থেকে ওয়ারনিং দেওয়া হয়েছিল এবং যেসমস্ত অভিজ্ঞ ইঞ্জিনীয়ার যেমন ইঞ্জিনীয়ার এন দাশগতে, এবং প্রফেসার চক্রবর্তী এই সম্পর্কে বার বার যেসমস্ত কথা বলেছেন তা উপেক্ষা করে কেন জল রেখে দিয়েছিলেন। আমি এখানে জিজ্ঞাসা করতে চাই জল ধরে রাখবার এই সাজ্ঞেসন ডি ভি সি কর্তপক্ষকে কে দিয়েছিল? কালেকটর নাকি জল ধরে রাখতে বলেছিলেন। কোন কালেকটর এই কথা বলোছলেন সেটা আমি জানতে চাই। ইরিগেশন ডিপার্টমেন্টএর সংগ্র ভি সি কতৃণপক্ষের একটা ক্লোজ লিয়াইসন থাকা উচিত ছিল—সেই লিয়াইসন আজ পর্যন্ত হয় নি কেন? এর ফলে বাংলাদেশের মানুষ বার বার বারা বন্যার জলে ভাসছে, এবং তার ক্ষয়ক্ষতির পরিমাণ ৭০ কোটি টাকা। আমি জিজ্ঞাসা করতে চাই আজ যে বাংলা দেশে বন্যা এর দায়িত্ব কার? এবং কেন স্বাধীনতার পর থেকে ১২ বছর উত্তীর্ণ হবার পর ও কোন কম্প্রিনেহসিভ স্ল্যান নেওয়া অক্সতার সুযোগ নিয়ে ইঞ্জিনীয়াররা আজকে সেখানে ছেলেখেলা করছে, তাঁদের প্রতাক্ষ সমর্থন না থাকত তাহলে কখনই এই জিনিস হতে পারত না।

8j. Sudhir Chandra Ray Choudhuri:

মিঃ ম্পীকার স্যার, ফ্লাড ও রিলিফের উপর বিতর্ক করবার একটা সূ্যোগ দেওয়া হয়েছে
বটে, কিম্কু তার উপযোগী কোন তথ্য রাখা হয় নি। তাঁরা একটা স্ট্যাটিসটিক্যাল রিপোর্ট ছাপিয়ে
বিলি করেছেন। এর মধ্যে পড়ে কিছুই পাওয়া গেল না। কোথায় কত বৃন্দি হয়েছে তার একটা
বিরাট তালিকা রয়েছে এর মধ্যে, কিম্কু আসল ব্যাপার ম্প্রেট, কজেস অব দি ফ্লাড এাল্ড দি
রেমিডিস সম্বশ্ধে সরকারপক্ষ নির্বাক। শুধু নির্বাকই নয়, তাঁরা ছলনা করে সেটা এড়িয়ে
গিয়েছেন। কি বলেছেন.

However, as a Committee is going to be soon appointed to enquire into the causes of floods of September and October, 1959, and to suggest remedies against future recurrence of such floods we need not venture to suggest any causes or remedies in this Statement.

িক সরকার আমাদের। এখনো কমিটি হয় নি, কমিটি করা হবে, তার সামনে সমসত জিনিস ধরা হবে, কিন্তু তার সামনে কি খবর বের বেন বের বে সাম্বর্ণের গভর্নমেন্টএর কোন কমিটমেন্ট নাই। গভর্নমেন্ট জানেন না কি কজেস? কি রেমিডিস হওয়া উচিত? তাদের বুলা উচিত ছিল Irrespective of the fact of the Enquiry Committee

এই হচ্ছে কজেস, আর এই হচ্ছে রেমিডিস। বোধ হয় মল্বী মহাশয় তা জানেন না? যদি তিনি জানেন তাহলে কেন বলেন না? জল বেশী হয়েছে জল বের হতে পারে নি। ট্রাস। এটা কি একটা লেখা! যেসমস্ত কর্মচারী এটা লিখে দিয়েছেন তাদের চাকরি থাকা উচিত নয়। এগুলি ব্রুখবার মত আমাদের বুশ্বি আছে।

The drainage channels and the rivers, even the two bigger ones, viz., the Bhagirathi, Hooghly and Rupnarayan could not drain out the water accumulated by successive floods;

ভাগাঁরখাঁ ও র্পনারায়ণ দিয়ে জল বের হয় নি, কিন্তু আর যেসমস্ত ছোটখাট খালবিল আছে সেগালি মজিরে রাখা হয়েছে কেন? অন্যান্য যেসমস্ত চ্যানেলস ছিল সেগালি সম্বন্ধে কি? জ্লাট এবাউট দেম? এতই এ'দের অকর্মণাতা, যাদের কথা এ'রা এখানে বলেন তাঁদের উপর এ'দের কোন কতৃত্ব বা প্রভূত্ব নাই, ভারা যা বলেন, এ'রা এখানে তাই আমাদের বলেন। আজকে দেশের মুধ্যে জায়গায় জায়গায় হাহাকার উঠেছে, তার কোন বাবস্থা না করে এইরকম স্ট্যাটিসটিক্যাল রিপোর্ট দেওয়ার কোন মানে হয় না। এ'দের আর কোন অধিকার নাই মন্দ্রীর করার কোন জাস্টিফিকেশন নাই। এখানে বলেছিলেন, এখানে এখানে ফ্লাড হয়েছে, ওখানে ওখানে ফ্লাজ বিশ্বারি ।

[**4-3**0-4-40 p.m.]

গুদিকে দেখান হোল ফর প্রাণ্টস এরাও আরটিখান লোন ৫ কোটি ৮০ লক্ষ টাকা খরচ হরেছে। কিন্তু আন্চর্ধের বিষয় কন্ত লোক এফেক্টেড, কোন এরিয়া এফেক্টেড, কন্ত লোককে রিলিফ দিয়েছেন বাকোন কোন ডিব্রীক্টএ দিয়েছেন তার কোন হিদেব নেই। কান্ধেই আমরা কি করে বুঝব যে সভাই রিলিফ দেওয়া হয়েছে না টাকাগুলো পকেটে দিয়েছে। তারপর 1st April, 1959 to 30th November, 1959

এর বে হিসেব দিয়েছেন ভার মধ্যে দেখছি আগে যে টাকা বাজেয়াপ্ত হয়েছিল ডার হিসেব এর মধ্যে চুকিয়ে দিয়েছেন, এ দৈর নিজেদের এডমিগন হচ্ছে যে ৪ঠা অগাষ্ট থেকে ফ্লাড শুক হয়েছে —অর্থাৎ

period of occurrence of flood, heavy rains and cyclones from 4th August, 1959 to 23rd October, 1959

তারপর ক্ষতির হিসেব দিয়ে বলেছেন

this is under details of damages as against 1st April, 1959 to 30th November, এবং তথন থেকেই টাকা থবচ করা হচ্ছে। আমি বলি এসব ছাপিয়ে দিচ্ছেন কেন ? আমুরা ফাষ্ট : এপ্রিল থেকে হিসেব চাই না-সম্প্রতি যে ফ্লাড হয়েছে এবং তাতে বত খরচ হয়েছে বা কোন কোন জেলায় হয়েছে দেটাই আমরা জানতে চাই এবং তার উপর ডিবেট বরতে চাই। এটা আমরা সকলেই জানি যে কোলকাতা শহরে এই বিধিফ নিয়ে আপনারা নানা রকম থেলা করলেন, নানা রক্ম ক্মিটি হোল, ফ্লাডএর জন্ম প্রচুব চাঁদা উঠল, ১০১ টাকা যে চাদা দিল ভারও ছবি কাগজে বেরুল, কিন্তু আমরা জানতে চাই যে দে টাকা কোণায় গেল ৷ তবে এই টাকা খরচের ব্যাপারে কয়েকটা সাংঘাতিক থবর পেয়েছি যে কোন কোন ইনডিভিডগালকে মোটা মোটা টাকা **পেও**যা হযেছে। তবে সে বিষয়ে আলোচনা না করলেও পেশের লোক আজ জানে যে **আপনারা** রিলিফ ওয়ার্কএ টাকা খরচ নাকরে তা দিয়ে রাজনীতি করেন। আমি মেদিনীপুরের **একটি** ''নাপতিনীর" কথা জানি সে ফ্লাডএর সময় সেখানে ছিল এবং সম্প্রতি কোলকাতায় এসে ১৯নং গোয়াবাগান বস্তীতে রয়েছে। দে আমাকে বলেছে যে আমাদের ওথানে কিছুই বিলিফ দেওয়া হচ্ছে না-ক্ষেক্খানা পুৰোন ছেঁডা কাপ্ড আমাদের গ্রামে নিয়ে দেখান হলো কিন্তু তাও যে আবার কাকে কাকে দেওয়া হলো তা জানতে পাবলাম না। কাজেই আমার কথা হলো যে. কারুর কোন কন**ষ্টিটিউএনসি বা আসন ঠি**ক রাগবার জন্ম টাকাখনত করা হচ্ছে কিনা সে**ওলো** যদি আইটেম বাই আইটেম আমাদের দিতেন ভাহলে আয়বা বিতর্কে সংশ গ্রহণ করতে পারতাম। ভারপর আপনারা সব ভাষগাতেই বলেছেন যে, কমিটি টুবি এগাপ্যেণ্ট্ড যার কাছে সব প্লেস করা হবে এবং তাবপর ডি ভি সিকে চার্জ্জ করা হবে এবং ক্যানাডা ড্যাম সম্বন্ধেও করা হবে। কিন্ত আশ্চর্যের বিষয় যদিও আপনারা বললেন

As these charges are very likely to come before the West Bengal Flood Enquiry Committee 1959, to be soon appointed.

কিছ সেই ফ্লাড কমিটি কবে এগ্রপরেণ্টেড ভার কোন ডেই আপনারা দিচ্ছেন না। ভারপর the government should not pass any opinion on this issue at this stage.

এ কথাটা কেন বললেন? আমাব কথা হোল আপনার। যদি বুঝে থাকেন ডি ভি সি-র এনকায়েরি হবে, তথন এর প্রক্ষেক্ট-এর বা কর্মচারীদের যদি কোন ক্রটি থাকে তাহলে কেন আপনার। তা বলবেন না। কাজেই এই যে রিপোর্ট দিয়েছেন এটা অভ্যস্ত অবাস্থর উটাস—একে ছুড়ে ফেলে দেওয়া উচিত। কাজেই বে সব রিপোর্ট এখানে দিয়েছেন বা যে সব কথা বলছেন ভা আমি সমর্থন করতে পারি না।

Sj. Tarapada Chaudhuri:

মাননীর ডেপুটি স্পীকার মহালয়, আজকে ব্যানিয়গ্রণ স্বন্ধে আমাদের সামনে নানা রক্ষ বিতর্ক হচ্ছে। তবে আমার মনে হয় সত্যিকারের যে সমস্যা তার উপর গুরুত্ব না দিয়ে কেবলমাত্র রাজনৈতিক দৃষ্টিক্সার উপর গুরুত্ব দিরেই অনেক আলোচনা করলেন। আমি নির্দে অস্প করি বে এ সন্ধরে আলোচনা করতে গোলে ক্ষেক্টি বিষয়ের প্রতি অন্তান্ত জক্ত দেওবা, ব্রেরাজন। তবে স্থের করা যে আজকের আলোচনার মধ্যে সেই আসল সমস্যার রূপ খানিকটা স্টে উঠেছে এবং সেটা ষতীনবাবু বলেছেন। আমিও তার কথার উপর বিশেষ গুরুত্ব দিরে বলতে চাই যে "আয়ার ভাম" করার প্রয়োজনীয়তা আছে। কিছু আয়ার ভাম সন্ধরে ঐ ডি ভি সি-ব চেচারম্যান ব। যার পরিক্লান কছেন তাদের দৃষ্টিভালী কি সেটা আজকে আমাদের নিয়ু উপত্যকার বহ্যাবিকরে এলাকার লোকেদের দেখতে হবে এবং এই এ্যাসেম্বলী হাউলে যে সমস্ব বালালী মেঘার আছেন ভাদেবও সেই দৃষ্টিভালীতে সেই জিনিস বিচার কবতে হবে। সেখানে বলতে যে কনজরভেসন অব ওঘাটাব বিসোরসেস —অর্থাৎ সেখানে বে নানা রক্ম পরিক্লানা হছে এবং এই দাযোদর ভালি কর্পোনেশন অঞ্চলে যেসমস্ত নিউ ইণ্ডান্টিজ এবং নিউ টাউনলিপ গড়ে উঠেছে তাব ভোনেসন্ধিক ইউজ এবং ইণ্ডান্টির জক্ত লগের প্রয়োজন আছে। এটা অনশ্য ঠিক যেসমস্ত ইণ্ডান্টি গড়ে উঠেছে বা যগুলে। ভবিল্লকে গড়ে উঠিবে ভার জন্ত জল রাখা প্রয়োজন কবিং তাব ক্যাপাটিও বাভান প্রয়োজন। কিছ আমি বলতে চাই যে, যতক্ষণ পর্যন্ত ওয়েইপ্রেল ক্রাভ ক্যিটি বা অন্ত কোন ক্যিটি বাপ্সালেন। কিছ আমি বলতে চাই যে, যতক্ষণ পর্যন্ত ওয়েইপ্রেল ক্রাভ ক্যিটি বা অন্ত কোন ক্যিটি বাপ্সালেন চিত হয়ে ক্লাভবৰ সময় এই Ce-ordination of water resources for running the industries

এব দিকে ক' কটা দৃষ্টি বাথ' গ্যেছিল তাব প্রভাতপুত্র তথ্য পশ্চিশন কবতে না পার্ছে তত্ত্বকণ পর্বন্ধ আমতা পুনী হতে পারৰ না বা আমাদেৰ সভেছও যাবে না। কাছেই আমি বাংলা স্বকারকে অমুবোধ কবন যে। এই এনকোয়ানি যথন হবে তথন জাঁব। যেন এব উপৰে বিশেষ শুরুত্ব দেন। তা>পৰ দাশোদৰ নদীর চেহাৰণৰ লিকে ভাকংলে আন্রা দেখৰ যে, আপাৰ ভালিতে গাছ কাটার ফলে পাহাড় অঞ্জেব মাটি ধ্যে আসায় সেখানে চাষ্ট্য নি কাৰণ সেখানে সংয়ল ইবোসন চলেছে। এবপর প্রবলেম হোল এখাফ্রেস্টেসন এবং স্থেল ইবোসন ইন দায়েশ্দর ভ্যালি। এ প্রাপ্তের আবেকটা কথা আমি বলব যে উপবাঞ্চলের লোকের সুবিধার জন্ম যদি নিম্নাঞ্জের <mark>লোকের কোন ক্</mark>তি হয় ড।হলে ডাব ক্তিপ্ৰণ উপৰাঞ্জকে অব্লাই দি<u>ছে হ'ব, কেননা যে</u> সমস্ত ইণ্ডাষ্ট্রি প্রান্দের উঠেছে ভাদের স্থানিধান জন্ম বাংলাদেশের চাফী কেন ছভেনি ভোগ করবে বা এইভাবে ঋণ পরিশোধ কবরে। ভারপর এদিকে দেখছি যে ১৪ কোট টাকার ক**রা** বলা হুগেছে লাব অংশ ক দেবে সেটাল গভামে ই এবং অংশ ক দেবে বাংলা সরকার এবং ভারপর ষদি আরও কিছু এক্সনেজ লাগে তারও সমস্ত দায়িত্ব ৭ বাংলা সরকাকের। এ প্রসঙ্গে আরেকটা জ্ঞিনিস দেখা দরকার যে আমাদের বাংলা স্বকাব এই ডি ভি সি-ব জ্ঞ্জ ৬৮ থেকে ৬৯ কোটি টাকা এবং ময়ুবাকীৰ জন্ম প্রায় ৩০ কোটি টাকা খবচ কবেছে। কিন্তু যে আইনের বনিয়াদে এই ডি ভি সি কর্পোবেশন স্বাষ্ট্র কবা হুগেছিল এবং তাব ফাংকসনএ এ'র management, allocation purpose and scheme

সম্বন্ধে যা উল্লেখ ভিল তাব পরিপেক্ষিতে একটা প্রশ্ন উঠেছে যে এঁর দ্বাহা বাংলাদেশের চারী এবং বালালী কতটা লাভবান হয়েছে আর বিদেশী অবালালীই বা কভটা লাভবান হয়েছে ? কাজেই আমি মনে কবি যে এলব জিনিদের আলোচনা করা দরকার এবং শুধু West Bengal Flood Relief Committee appoint

কবাই নয় — আমি সরকাণকে অমুবোধ কবব যে তারা এই এগাসেম্বলী হাউসএ একটা কমিটি গঠন কলন এবং তারা কনভিপ হোক যে আজকের এই বন্ধা বাংলাদেশের লোকের কাছে রিয়েলি লাইফ এগাও ডেখ সমস্যার মত হয়ে উঠেছে এবং আমার মনে হয় যে এত বড় সমস্যা বালালীর জীবনে আর কোনদিন আসেনি।
[4-40--4-50 p.m.]

কাজেই আমি আজকে দেই দৃষ্টিভন্নি না নিয়ে বলব যে সকলে সমবেতভাবে impartially, without passium, without prejudice

পরিকার দৃষ্টিভলি নিয়ে এট বিষয়টা আলোচনা করা দরকার। দামোদরে দেখা গৈছে প্রায় গত শতাব্দির প্রায়ন্ত থেকে আজ পর্যন্ত বড় রড় হরেছে। ১৯১৩ সালে প্রায় সাড়ে ছব্ব লক্ষের মত কিউসেক হল বের হয় এবং ১৯৪৩ সালে সাড়ে ভিন লক্ষ কিউসেকের মত জল বের হয়। ১৯৪৩ সালে বা হংরাইল ভাতে ক্ষতির পরিমাণ প্রায় ৫০ লোট টাকার উপরে

इर्त्वाह्न, भावनिक रेफेंगिनिंगि वाञ्जाचार्व रेजापित श्रम् कारोमधेष रार्वाह्न। ১৯৫৮ मार्ल তারা বলেছেন যে সাড়ে ছয় লক্ষ কিউসেকের জারগায় মডারেট করে জল হয়োছল দুই লক্ষ পাঁচ হাজার কিউসেক অথাৎ সেই মডারেট করার জন্য ১৯৫৮ সালে সেখনে ফ্রাড হয় নি। ১৯৫৮ সালে আমি ড্যামের উপকারিতা সম্বন্ধে সাত্যিকারের কনভিনসড হতে রাজী আছি, কিন্তু ১৯৫৯ সালে এখানে ৮ লক্ষ কিউসেক জল পাশ করেছে, এর মধ্যে মডারেট করে জল হয়েছে আড়াই লক্ষ কিউসেক অর্থাৎ সাড়ে পাঁচ ছয় লক্ষ কিউসেক জল তারা ধরতে পেরেছে। স_ুতরাং আমরা দেখাছ দুই লক্ষ পাঁচ হাজার কিউসেক জলে বান হয় নি, কিণ্ডু দুই লক্ষ পণ্ডাশ হাজার কিউসেকে বান হয়েছে অর্থাৎ প্রায় পণ্ডাশ হাজার কিউসেক বেশী জল এসেছে। তারা বলেছে ষে এই জল ক্যাচ্মেন্ট এরিয়া থেকে এসেছে। তাহলৈ সেখানে আমাদের অনুসন্ধান করতে হবে। এই পঞ্চাশ হাজার কিউসেক জল যদি ক্যাচ্মেন্ট এরিয়ার জল হয় তাহলে দ্বভাবতঃই এই প্রণন আসে যে বাঁকা, বেহলো, কুণিত ইত্যাদি নদাগ্লি মঙে গেছে, এদের জল ধারণের শক্তি নেই। কাজেই ক্যাচ্মেন্ট এরিয়ার জল বহনকারী এই সমস্ত চ্যানেলগর্লিকে ফার্স্ট প্রায়েরিটি **দিয়ে এক্সকাভেসন কর র কাজ** ইমিডিয়েটলি টেক আপ করা উচিত এবং উপরে আজকে যে স**রেল** ইরোসনএর প্রবলেম আছে সেই সংয়ল ইরে.সনের জন্য কেন্দ্রীয় গভর্নমেন্টকে অচিরেই ট্যাকেল করবার জন্য অ.মরা বলব। আজকের কিংবা কালকের স্টেটসম্যান পড়ে আমার মনে ভয়ানক একটা দ্বশ্চিন্তা এসেছে যে দামোদর ভা লি কপোরেশনের উপর কেন্দ্রীয় সরকারের যে দ্বাট্টভাগ ছিল তার যেন একটা পারবর্তন এসেছে এবং তাতে আশুখ্কা হচ্ছে যে দামোদর ভ্যালি কর্পো-রেশানের জন্য যে পারমাণ কেন্দ্রীয় সরকারের সংহায়োর আবশাক সে পরিমাণ সহায্য হয়ত কেন্দ্রীয় সরকারের কাছ থেকে পাওয়া যাবে না। আমি বলব আজকে এ সম্বন্ধে হাউস থেকে একটা রেজলিউসন হওয়া উচিত এবং বাংলা সরকারের যতদ্রে চাপ দেওয়া সম্ভব ততদ্রে চাপ যেন তাঁরা দেন। আজ বাঁধের যে সমস্যা আমাদের সামনে এসেছে, সেই সমস্যার সমাধানকল্পে কেন্দ্রীয় সরকারের যে দায়িত্ব আছে সেটা কেন্দ্রীয় সরকার যাতে প**ুরাপ**্রির পালন করেন তার সন্দেহের অবকাশ যেন না থাকে। আমি এখানে আর একটি কথা বলতে চাই যে দামোদর ভ্যা**লি** কপোরেশ নে যে ব্যবস্থা আছে সেই ব্যবস্থার অ,মূল পরিবত নের দরকার। সেখানে এক্সপেন্ডিচার এ্যালোকেসন করা দরকার, ফাল্ডস করা দরকার এবং আমি মনে করি স্টেট গভর্নমেন্ট, সেখানে সবচেয়ে বেশি এাফেকটেড। কাজেই আজকে যাতে বাংলা সরকার সত্যিকারের কর্তৃত্ব করতে পারেন এইরকম অবস্থার স্থিত হওয়া দরকার। আজকে আমরা এমন একটা অবস্থার মধ্যে আছি যে আমাদের একশত কোটি টাক। বা দেড়শত কোটি টাক। সেখানে খরচ হচ্ছে অথচ বানের পর বান হচ্ছে, আমরা অসহায় শিশ্বে মত কলন করাছ ডি ডি সি, ডি ভি সি, ডি ভি সি। কাজেই আমরা গত এ্যাসেম্বলী সভায় বলেছিলাম যে এই অসহায় অবস্থার পরিবর্তন চাই। আজকে অ বার আমরা হাউস থেকে তার প্রতিধর্নন করতে চাই।

8j. Khagendra Kumar Ray Choudhury:

brochure on educational survey of India and may I add, Mr. Deputy Speaker, that it is minus West Bengal. Therefore, the achievement of our Education Minister has been that his State has seceded from the activity of the whole of India and still does he congratulate himself? I congratulate for his achievement as it is a negative achievement and it is an achievement for which every sensible man ought to be ashamed and still he says of his achievement. I would appeal to my friends on the opposite side to note down that that is the achievement of our Education Department of the Government of India when an All-India Report is in print and it is said clearly by the same Government—the Congress Government in West Bengal and the Congress Government at the Centre. What a compliment that West Bengal Government does not participate and why Sir? Well, we remember that some time back there were quotations of certain data and figures and we saw that that the data and figure that were prepared inclusive of Education Department were, to say the least, absolutely stupid and therefore now they have become careful. They do not want to send figures and therefore they non-co-operated and kept out of it. Are we seceding from the academic sphere? Sir, that is the achievement of West Bengal Education Directorate and the Education Secretariat. It is not a shame of the Government alone but is also a shame of this House that West Bengal has been practically castigated like that. They did not participate in the activities and still they are self-complacent and the Education Minister says—we do not know anything, we are ignorant of educational matters and everything. I cannot but point out that times without number. Even Dr. Ghosh during the last session mentioned about the attitude of the Education Minister towards certain members of this House. Sir, I shall appeal to the Education Minister to remember that some psychological change ought to be made. Has he got the monopoly of wisdom? Then I say-is this the wisdom of West Bengal Government? It is a publication by the Central Government from the Education Department. Is not the Education Minister ashamed of this? Really speaking, when it is mentioned West Bengal State, it does not mean the Congress Party alone. West Bengal State means even the opposition and the Congress benches, but we are not responsible for the criminal negligence on the part of the Education Department of West Bengal. What a shameful achievement for the Education Department. Sir, Burdwan University is going to be established. I cannot but also mention certain things that when this Bill was drafted, certainly we welcomed it but the thing is that there was no proper planning. For your information, Mr. Deputy Speaker, Sir, I can only quote certain figures. Now at the present moment it is desirable to have a Vice-Chancellor who is appointed by the Chancellor on the advice of the Minister. Sir, I can tell you that the achievement of a University will always be measured by the achievement in the academic and the educational sphere and for that purpose you require teachers. I have got in my hand a report from the Calcutta University. Sir, in the month of January, 1959, not even a year hence—there existed 112 vacancies in the posts of teachers in different colleges and out of this I remind the Education Minister through you, Sir, that there were some vacancies—say 7 vacancies in the Presiconcy College. Not only that, Sir, I have got in my hand the Report of the Public Service Commission and we find therefrom that they could not ampoint quite a sufficient number of teachers. There are many posts of machers, viz., Professor of Electrical Engineering of the Sibpore Engineerreg College, Lecturer in Architecture, Lecturer in Mathematics, Lecturer English, Lecturer in Organic Chemistry, Lecturer in Physics, Lecturer Economics, Lecturer in Statistics, Lecturer in Pali, Lecturer in History · id so on.

Now, these are not to be found and still do you want that there should be only a Vice-Chancellor appointed by the Chancellor on the advice of our Education Minister? Now, this Vice-Chancellor cannot produce the products of the University. He can administer but the academic products depend upon the actual workers, the teachers, and have you got sufficient number of teachers? If you have got sufficient number of teachers, what has been the result? In sponsored colleges quite a number of qualified teachers were appointed and on the report of your secret service you dismissed them and you want to build a university with your Vice-Chancellor and the Manager of the Chittaranjan Workshop! They will be imparting knowledge when there are qualified teachers whom you have practically got rid of on political grounds, on secret service reports and still the Education Minister brags and says that he can congratulate himself! Such a type of congratulation came really from Hiranyakashipu. Sir, we wanted a full-grown baby, a very healthy baby as the Burdwan University Act but instead of that our Education Minister has given birth to the demon and monster of Mount Etna, the Poliphemus of Homer's Illiad.

8j. Mihirla! Chatterjee:

স্যার, বর্ধমান ইউনিভার্সিটি বিল আলোচনার শেষ অধ্যায়ে আমরা এসে পেণছৈছি। **অবশ্য** ডাক্তাব চ্যাটার্জি ভাবী বর্ধমান ইউনিভার্সিটিকে যেরকম মনস্টার চাইল্ড হিসাবে দেখেছেন, **আমি** আজকে সেই হিসাবে তাকে মনস্টার চাইল্ড বলতে চাই না। তব্ত এই কথা আমি বলব বে, গভর্মেন্ট শুধু এই বিল পাশ করাবার দায়িত্ব নিয়েছেন তা নয়, এই আইনের মাধ্যমে শিক্ষা সংক্রান্ত ব্যাপারে ইউনিভাসিটি এলাকাভন্ত যেসমস্ত জেলা সেই জেলার ছাত্রদের এবং তাদের অভিভাবকদের এবং ভবিষাৎ অনাগত যুগের মানুষদের বিরাট একটা দায়িত্ব গ্রহণ করছেন। এই দায়িত্ব গ্রহণ করবার পূর্বে গভনমেন্ট আশা করি, যথার্থভাবে দায়িত্ব পালনের যে **ঝ**ুকি সেটা হুদুরুজ্গম করতে পারবেন এবং আশা করি গভর্নমেন্ট সেই দায়িত্ব পরেরাপর্নির পালন করবেন। বিলের বিভিন্ন ক্রজএর উপর যখন আলোচনা হয় তথন বিশেষ <mark>কিছ, পরিবর্তন</mark> এই বিলে হয় নি। মাত্র এক জায়গায় পরিবর্তন হয়েছে, সেটা হচ্ছে এই ইউনিভার্সিটির অন্তর্ভুক্ত টিচার্স'দের প্রতিনিধিত্বের বাবহথা হয়েছে। কিন্তু ইউনিভার্সিটির অন্তর্ভুক্ত কর্নাস্ট-চিউয়েন্ট কলেজেস এবং অ্যাফিলিয়েটেড কলেজেস এর যে প্রিন্সিপ্যালস তাদের রিপ্রেজেন্টেশনএর কোন ব্যবস্থা নেই অন ইলেকশন বেসিস। আমরা চেয়েছিলাম যে ইলেকশন বেসিসএ কর্নাস্ট-টিউয়েন্ট কলেজেস এবং আফিলিয়েটেড কলেজেসএর প্রিন্সিপালসদের রিপ্রেজেন্টেশনএর ব্যবস্থা থাকবে। র্যাদ প্রফেসরস, টিচার্স, ডেমনস্টেটরস অফ অ্যাফিলিয়েটেড কলেজেস, গোত্রীয় ব্যক্তিদের জন্য রিপ্রেজেন্টেশন অন ইলেকশন বেসিস থাকে, আমরা বৃঝি না কেন আমাদের শিক্ষামন্ত্রী অ্যাফিলিয়েটেড কলেজেস এবং কর্নাস্টিটিউয়েন্ট কলেজএর প্রিন্সিপ্যালদের পক্ষে ইলেকশন বেসিস্ত রিপ্রেক্রেণ্টেশনএর ব্যবস্থা করতে চান না। অ্যাফিলিরেটেড কলেজেস এবং কর্নাস্ট-টিউয়েল্ট কলেজেসএর প্রিল্সিপালসদের সংখ্যার চেয়ে টিচার্সদের সংখ্যা অনেক বেশি, যদি বেশি-সংখ্যক টিচার্স'দের প্রতিনিধির বাবস্থা করতে পারেন ইলেকশন বেসিসএ. তবে কম সংখাক প্রিন্সিপালদের বেলায় ইলেকশন বেসিসএ রিপ্রেজেন্টেশন বাবস্থা করলেন না কেন? এখানেও বলি ইলেকশন বেসিস্ত ব্যবস্থা করতেন তা হলে এই বিলের একটা দোষ দ্বে হত।

[3-30-3-40 p.m.]

ম্বিতীয় কথা, সারে, আমরা এখনও বিস্মিত বোধ করি, গভর্নমেন্টকে এই ইউনিভার্সিটির টিচিং সংক্রান্ত ব্যাপারে, এক্সমিনেশন সংক্রান্ত ব্যাপারে এনকোয়ারি করার এবং শৃধ্ব এনকোয়ারিই নয়, পরিপ্র্ণ হস্তক্ষেপ করার অধিকার এই বিলে কেন দেওয়া হয়েছে। শিক্ষাক্ষেত্র হস্তক্ষেপ করবার অবাধ অধিকার গভর্নমেন্টএর থাকা উচিত নয়, এবং আমি মনে করি যে, যদি শিক্ষার ব্যাপারে, বিশেষ করে এক্সমিনেশন এবং টিচিংএর ব্যাপারে গভর্নমেন্টএর হস্তক্ষেপ করার অধিকার থাকে এবং যদি গভর্নমেন্ট সেই অধিকার ঠিকভাবে ব্যবহার না করেন, তা হলে শিক্ষাক্ষেত্র মহাবিপর্যার দেখা দেবে। সেজন্য আমি সরকারকে বলতে চাই, সেই অধিকার ব্যবহার করার ব্যাপারে গভর্নমেন্ট বেন সংহত হন এবং বিশেষ করে টিচিং আন্ত এক্সমিনেশনএর ব্যাপারে ইন্টারফেরার করার সর্বোগ্ ফ্রেন গভর্নমেন্ট গ্লহণ না করেন। কিন্তু সবচেরে বড় প্রশা

হচ্ছে. এই ইউনিভাসিটির অবস্থা কি হবে? এই ইউনিভাসিটির এলাকাভুর বতগুলি কলেজ আছে তার মধ্যে একটা বাদ দিয়ে আর কোন কলেজেই বি এস সি-তে অনার্স পড়ার বাবস্থা নাই। এই ইউনিভার্সিটির এলাকাভর কলেজের ছেলেরা যদি ইন্টারমিডিয়েট পাশ করার পর ফিজির বা কেমিস্মিতে অনার্স পড়তে চার তা হলে সামনের বছর তো তারা বঞ্চিত হবেই, তা ना **राम किनका**जा विन्वविमानारात्र वमानाजात छेशत निर्धात कराज राव। रमकना हारामाक একটা আতৃত্বিকত হয়েছে, কারণ তারা কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মত বর্ধমান বিশ্ববিদ্যালয়ে বি এস সি-তে অনার্স পড়ার সংযোগসংবিধা পাবে না। আজকের দিনে ছাচদের টেল্ডেন্সি হচ্ছে সারেন্স এবং টেকনোলজিক্যাল সাবজেক্ট পড়ার দিকে কিন্তু বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত এমন কোন কলেজ আছে যেখানে ছাত্ররা এম এস-সি পড়তে পারে? একটাও নাই। আমার বদি ভূল হয় শিক্ষামন্ত্রী আমার ভূল সংশোধন করে দেবেন কিন্তু আমি যতদরে জানি, ম্যাথেমেটিক ছাড়া ফিজিক, কেমিস্মিতে অনার্স পড়ার মত কোন কলেজ নাই। এবং এই ইউনি-ভাসিটির এলাকাভন্ত একটিমার কলেজ আছে যেখানে বি কম পড়ার ব্যবস্থা আছে। কাজেই আপনারা এমন একটা ইউনিভাসিটি গড়তে যাচ্ছেন যে তার অধীনস্থ এমন কোন কলেজ নাই ষেখানে ছেলেরা ফিজিক্স, কোমিশ্রিতে অনার্স পড়তে পারে—বর্তমান কলেজগুলিতে তারা এগুলি পভার কোন স্কোপ পাবে না। কলিকাতা বিশ্ববিদ্যালয়কে পরামর্শ না করে, তাঁদের মতামত না নিয়ে গভর্নমেন্ট নিজেদের ইচ্ছা অনুযায়ী এবং শিক্ষাবিদদের সংখ্য পরামর্শ না করে এমন একটা ইউনিভার্সিটি গড়তে যাচ্ছেন যার অ্যাফিলিয়েটেড কলেজগলেতে বি এস সি-তে অনার্স পড়ার কোন সুযোগস্থাবিধা নাই। এবং এটা স্বাভাবিক যে, বর্ধমান বিশ্ববিদ্যালয় থেকে যারা আই এ. আই এস সি পাশ ক'রে ক্যালকাটা ইউনিভার্সিটিতে পড়তে যাবে তারা সেখানে এখনকার মত সংবোগসংবিধা পাবে না, তারা সেখানে বাইরের ছাত্র হয়ে যাবে, এটা হিউম্যান নেচার, এটা **অস্বীকার করতে পারা যায় না। যারা কালকাটা ইউনিভার্সিটির আফিলিয়েটেড কলেন্ড থেকে** আই এস-সি পাশ করবেন, তাঁরাই সেখানে অগ্রাধিকার পাবেন। তারপর, আপনারা যে ইউনি-ভাসিটি গডতে যাচ্ছেন সেই বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভন্ত কোথাও ইঞ্জিনীয়ারিং কলেজ নাই —কাজেই এই বর্ধমান বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভক্ত কলেজে যারা ইঞ্জিনীয়ারিং পড়তে চার তাদের কি ব্যবস্থা হবে? মন্দ্রিমহাশর, এ জিনিসগৃলি আপনি ভাল ক'রে শ্নুন্ন, এ সমস্ত ব্যাপারে ছাররা খাব আতি ক্তি হয়েছে এবং তারা এসমস্ত কথা ভাল করে জানতে চার। **এই** ইউনিভাসিটি এলাকার মধ্যে যদিও একটিমাত্র মেডিকালে কলেজ আছে কিন্ত সেটি রেকগনাইজড নর। (এ ভরেসঃ না. না. সেটি রেকগনাইজড কলেজ। আই মে বি বং কিন্ত আমি শনেছিলাম ৰে, ইন্ডিয়ান কাউন্সিল অফ মেডিকাল আসেসিয়েশন ঐ কলেজকে রেকগনাইজ করে নি। তবে জালার রায় হয়ত সঠিক বলতে পাববেন।

The Hon'ble Dr. Bidhan Chandra Roy:

বাঁকুড়া মেডিক্যাল কলেজ আমরা নিয়ে নিয়েছি।

81. Mihirlal Chatterlee:

তা হ'লে আমি ভূল বলেছি—নাউ আই স্ট্যান্ড কারেক্টেড। তবে এই বর্ধমান ইউনিভার্সিটির অক্তর্ভুক্ত এলাকার মধ্যে আমরা আরও মেডিক্যাল কলেজ হওয়ার প্রয়োজনীয়তা অন্ভব কর্মাছ এবং বতক্ষণ পর্যান্ত সেখানে উপযুক্তসংখ্যক ইঞ্জিনীয়ারিং, মেডিক্যাল কলেজ প্রভৃতি না হচ্ছে ততক্ষণ পর্যান্ত এই এলাকার ছেলেরা যাতে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অধীনে পড়বার স্ব্রোগ-স্বিধা পায় সে সম্বশ্যে আমাদের শিক্ষামন্দ্রীর নজর রাখা উচিত।

Mr. Deputy Speaker:

আপনি আগেই তো সব বলেছেন, কাজেই তাড়াতাড়ি শেষ কর্ন।

Sj. Mihirla! Chatteriee:

স্যার, এটাই বখন বিলের লাস্ট স্টেজ তখন একট, ভাল ক'রে সব বলতে চাই। তারপর আর-একটি প্রশ্ন এই ইউনিভাসিটি এলাকার ছেলেদের মনে উঠেছে এবং আমি সে এলাকার লোক ব'লে অরা আমাকে জিল্পাসা করেছে বে, এই ইউনিভাসিটির এলাকার মধ্যে বখন একটি-মাচই বি কম কলেজ আছে তখন বেসব ছেলেরা ভবিষ্যতে বি কম এবং এম কম পড়তে চাইবে তাদের কি অবস্থা হবে। তারপর আজ সরকার বখন একটা ন তন ইউনিভাসিটি করতে চলেজন

তখন একটা কথা আমি বিশেষ ক'রে বলতে চাই ষে, ভূলবেন না, স্যার আশুভোষ মুখার্জি শিক্ষার ব্যাপারে একজন জারেন্ট ছিলেন এবং তিনি তিলে তিলে তার মন, প্রাণ ও চিন্তার্গলৈ সবিক**হ** নিয়োজিত করেছিলেন এই ক্যালকাটা ইউনিভাসিটি গড়ে তলতে। কেবলমার সরকারী টাকাতেই ইউনিভাসিটি গড়ে তোলা যায় না—তাকে গড়ে তুলতে গেলে চাই বিরুট ব্যবিষ্ণের প্রভাব যা ভাল ভাল প্রফেসর এবং লেকচারারদের দরে দরোলত থেকে আছৌর করতে পারবে। স্যার আশ্তোষ শ্ব্ব ভারতবর্ষেই নয়, বাইরে থেকেও নামকরা কৃতবিদা প্রযেসরবের আকর্ষণ করতে পেরেছিলেন এবং যার মধ্যে ডক্টর রাধাকৃষ্ণ এবং সি ভি রমনএর মত লোকও **ছিলেন।** ঠিক একইভাবে রবীন্দ্রনাথ ঠাকুরও তাঁর ব্যক্তিম্বের জোরে বহ**ু বড় বড় কুতবিদয়দের** শান্তিনিকেতনের সেবার আকর্ষণ করতে পেরেছিলেন। কাজেই আমার মনে হয় নতেন ইউনি-ভার্সিটির ভাইস-চ্যান্সেলর অ্যাপয়েন্ট করার সময় সরকারের বিশেষ দুন্টি রাখা উচিত খাতে এমন ব্যব্রিছসম্পন্ন শিক্ষাবিদকে ঐ পদে নিয়োগ করা হয়, যিনি নিজের পার্সোন্যালিটি শিক্ষানুরাগ এবং ভারনামিক কর্মক্ষমতার জোরে ভাল ভাল প্রফেসর আট্রাষ্ট্র করতে পারবেন। স্যার, আর্পনি দেখবেন এই ইউনিভার্সিটি এলাকার মধ্যে যতগুলি স্পনসর্ড কলেজ আছে তার অধিকাংশ জারগাতেই বহু সেকেন্ড ক্লাস এবং থার্ড ক্লাস এম এ-রা পড়ায়-ফার্ম্ট ক্লাশ এম এ বেশি भाउद्या यात्र ना। न उन विश्वविद्यामस्यत धमाकात भर्या काथाउ धक्रो **आहेन करमञ्च त्नहै।** এই ইউনিভাসিটিতে এমন একজন ভাইস চ্যান্সেলর নিযুক্ত করা দরকার যিনি প্রয়োজন হলে **খ'ুজে খ'ুজে সারা ভারতবর্ষ থেকে ফার্স্ট ক্রাস প্রফেসরদের সংগ্রহ ক'রে আনতে পারেন। এই** ইউনিভার্সিটি ক্যালকাটা ইউনিভার্সিটি থেকে বিচ্ছিন্ন হলেও সকল দিক থেকে এই নতেন বিশ্ববিদ্যালয় যেন একদিন কলিকাতা বিশ্ববিদ্যালয়ের সমপ্যায়ের গৌরব অন্ভব করতে পারে।

Mr. Deputy Speaker:

আমরা রিসেসএর প্রেই এই বিলের আলোচনা শেষ করতে চাই, কিন্তু দেখা যাছে যে, এখনও ৬ জন স্পীকার রয়েছেন। কাজেই আমার মনে হয়, যদি প্রত্যেকে ৫ মিনিট ক'রে বলেন তা হলে রিসেসএর প্রেই শেষ হয়ে যাবে।

[3-40-3-50 p.m.]

8]. Sasabindu Bera:

মাননীয় ডেপন্টি প্পীকার মহাশর, বর্ধমান ইউনিভার্সিটি বিলের তৃতীয় পর্যায়ে আলোচনা শ্রের্ হরেছে। এই বিল একরকম পাশ হয়ে গেছে বলেই ধরে নেওয়া যায়। এই বিলটা কার্যকরী করতে গিয়ে কি স্বিধা, অস্বিধা হবে সেগ্রিল একবার আলোচনা করা দরকার। আমরা দেখছি যে, আমাদের এই বর্তমান সরকার আমাদের দেশের সরকার সারা এশিয়ার মধ্যে যে আদর্শ বিদ্যালয়, সেই কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে যথেন্ট শিক্ষা গ্রহণ করতে পায়েন নি। অর্থাং অত্যন্ত দ্বঃথের কথা যে, তথনকার যুগে কলকাতা বিশ্ববিদ্যালয়ের ক্ষেত্রে বেসরকারী প্রচেন্টার যে বিরাট অবদান হয়েছিল তা থেকে এ'রা শিক্ষালান্ড করতে পায়েন নি। গত ১০০ বছরের অধিককাল ধরে কলকাতা বিশ্ববিদ্যালয় যে নানা পরিবর্তনের মধ্য দিয়ে গেছে এবং তার জন্য এই সর্বশ্বেষ ১৯৫১ সালে এই কলকাতা বিশ্ববিদ্যালয়ের পরিচালনা সংক্লান্ত যে আইন রচিত হয়েছে তা থেকে কোন শিক্ষা গ্রহণ করেন নি। আমরা দেখলাম এই নৃত্তন যে ইউনিছার্সিটি বিল এল, সেই বিল কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইনের ধার দিয়ে গেল না। এর মধ্য দিয়ে আমরা একটা জিনিস লক্ষ্য করিছ যে, সরকার উচ্চতর শিক্ষাকে নিজেদের কুক্ষিগত করার চেন্টা করছেন। স্যার, এই বিলের অবজেক্ট অ্যান্ড রিজনসএর মধ্যে আমরা দেখছি যে, এখানে পরিক্টারভাবে বলা হচ্ছে

The Calcutta University has for a long time served the cause of higher education not only in Bengal but large areas outside Bengal.

কলকাতা বিশ্ববিদ্যালয় আমাদের দেশের শিক্ষা বিশ্ববিদ্যালয়ের ফিচে বনক কিছু যে করেছে সেক্থা এই সরকার স্বীকার করেছেন। এই কলকাতা বিশ্ববিদ্যালয়ের শিক্ষার ক্ষেত্রে যে চুটি-কিচুতি আছে এই বিল প্রণয়ন করার সময় সেসব সরকারের মনে উদিত হয় নি। আমরা দেখছি বে, বর্ষমান কিববিদ্যালয়ে কলকাতা বিশ্ববিদ্যালয়ের মত শিক্ষা দেবার ব্যবস্থা করা হবে। অর্থাৎ কছকার্নিল কলেজকে অয়বিদায়েশন হিরে এর এলাকাত্তর অগ্যনের শিক্ষাব্যবস্থা করা হবে। এ ছাড়া এই বিলের আর অন্য কোন উদ্দেশ্য নেই। এই বিলে পরিক্ষারভাবে একথা বলা হছে বে, বেহেডু কলকাতা বিশ্ববিদ্যালয়ের ছাত্রসংখ্যা অতিরিক্ত বেশি হরে যাছে সেহেডু অন্য একটি বিশ্ববিদ্যালয়ের প্রয়োজন। এই বিষয়ে আমরাও একমত এবং আরও বেশি বিশ্ববিদ্যালয় হোক এটা আমরাও চাই। কিন্তু বর্তমানে বিশ্ববিদ্যালয়ের যে শিক্ষাব্যবস্থা। সেই শিক্ষাব্যবস্থা এমনভাবে অগণতাশ্যিক ও সরকারী কৃক্ষিগত যে তাতে সেখানে বেসরকারী শিক্ষাবিদদের অবদান দেবার স্বোগ থাকবে না। স্কুরাং এই ব্যবস্থার আমরা তীর নিন্দা করি। কলকাতা বিশ্ববিদ্যালয়ের আইন থেকে দ্রে সরে যাওয়ার কারণ হিসাবে মন্ত্রমহাশয় বলেছেন যে, একটা ন্তন একপেরিমেন্টের প্রয়োজন আমরা দেখছি না। অবশা বদিও এখানে হিউমানিটিজএর সারেন্স কোসের বাহিরে

Technical subjects like engineering, mining, metallurgy

ইত্যাদির শিক্ষার ব্যবস্থা করা হবে। কিন্তু তা হলেও এই ইউনিভার্সিটিকে সরকারের তাঁবেদার লোকের আওতার রাধার কোন বৃত্তি নেই। আমরা যথন বলেছিলাম যে, জেনারেল ম্যানেজার, চিত্তরঞ্জন লোকোমোটিভ ওয়ার্কস, জেনারেল ম্যানেজার, ইন্ডিয়ান আয়রন অ্যান্ড স্টীল কোম্পানি এবং জেনারেল ম্যানেজার, হিন্দুস্থান স্টীল ইত্যাদি, ব্যবসায়ী প্রতিষ্ঠানের ম্যানেজারদের কেন এখানে আনা হবে, তখন তিনি সেই প্রশেনর উত্তরে বর্লোছলেন যে, এই বিশ্ববিদ্যালয় থেকে বিভিন্ন টেকনিক্যাল বিষয়ে যারা শিক্ষালাভ করবে তারা এইসমস্ত ব্যবসায় সংক্রান্ত প্রতিষ্ঠানে চাকরি করবার সাযোগসাবিধা পাবে। কাজেই একটা প্রশ্ন মনে জাগে যে এই বর্ধমান ইউনিভাসিটিতে যে ইঞ্জিনীয়ারিং, মাইনিং, মোটালাজি ইত্যাদি শিক্ষার ব্যবস্থা করেছেন, এখানকার উত্তীর্ণ ছাত্ররাই কি এই চিত্তরঞ্জন বা বার্নপত্নর কারখানাতে চাকরিবাকরির সংবিধা পাবে? এই বর্ধমান ইউনিভার্সিটি বিলের আওতার মধ্যে যে এলাকা পড়েছে তার বাইরে যে ইঞ্চিনীয়ারিং প্রতিষ্ঠান বা অন্য টেকনিক্যাল প্রতিষ্ঠান আছে সেই সমস্ত প্রতিষ্ঠানের ছাত্ররা কি সেইরকম मुरुषागम् विधा भारत ना? आमि भरन कित्र. এ প্রশ্ন উঠতে পারে না। किन्छ এর মধ্য দিয়ে সরকারের যে সংকীর্ণ মনোভাবের পরিচয় পাওয়া গেছে সেটা আমরা অত্যুক্ত নিন্দা করছি। এই বর্ধমান ইউনিভার্সিটির আওতায় কোন্ কোন্ এলাকা থাকবে সেই প্রসপ্গে আলোচনা হয়েছিল যে, কলকাতা, বিশেষ করে হাওড়ার উত্তরে হুর্গালির দক্ষিণাংশ এলাকাকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের সংগ্র সংযুক্ত রাখতে যাতে এই সমস্ত এলাকার উচ্চশিক্ষার সূরিধা হতে পারে: কিন্তু সরকার সেদিকে কর্ণপাত করেন নি যদিও মেদিনীপুর জেলার পক্ষ থেকে আবেদন করায় মেদিনীপর জেলাকে বর্ধমান ইউনিভার্সিটির আওতা থেকে বাদ দেওয়া হয়েছে। হ্রাল জেলার **দক্ষিণাংশ যেটা হাওড়ার নিকটবত**ী, এই অংশকে বাদ না দেওয়ার ফলে এই এলাকার শিক্ষাক্ষেত্রে বিশেষ অস্কৃতিধা হবে ব'লে মনে করি। একে যদি বর্ধমান ইউনিভার্সিটির আওতায় রাখতে হয় তা হলে এমন সুযোগসুবিধা রাখতে হবে উচ্চশিক্ষার ক্ষেত্রে, যাতে এদের মনে সব সময় এই ভাব না জাগে যে, কলকাতা বিশ্ববিদ্যালয় থেকে বর্ধমান বিশ্ববিদ্যালয়ে যাওয়ার জন্য অসুবিধা সূষিট **হয়েছে। কাজেই আমার বন্তব্য এই যে, দেশের শিক্ষাবিদদের পরামর্শ গ্রহণক্তমে, তাদের সংখ্য** ৰ_বি-পরামর্শ করে দেশের শিক্ষা যাতে প্রকৃত অগ্রসর হয় সেদিকে দৃষ্টি রেখে এই বি**লের** কার্যকারিতার ক্ষেত্রে সরকার যেন অগ্রসর হন।

8j. Monoranjan Hazra:

মাননীর ডেপ্টি স্পীকার মহোদয়, এই বিলের তৃতীয় পর্যায়ে য়েসব আলোচনা হচ্ছে, আমি তার সপো একট্ যোগ করতে চাই। ডাঃ হীরেন চ্যাটার্জি হেল্দি বেবি আশা করেছেন এবং সেই হেলিদি বেবি বাদি হয় তা হলে মনস্টার বলা হবে না এটা আমারও মনের কথা। বিশ্ববিদ্যালয় বেশি ক'য়ে দেশে গড়ে উঠ্ক—জনসাধারণ থেকে এর চাহিদা আছে। কিন্তু সেই চাহিদা আছে ব'লেই তার স্থোগ নিয়ে এমন কিছ্ করা উচিত নয় যাতে আসল উদ্দেশ্য বাছত ছয়। সেদিক থেকে এই বিলটা আনার আগে বিভিন্ন জেলার যাদ মতামত নেওয়া হত এবং কিছাবে কতথানি তাঁরা অগ্রসর হতে পারবেন এইরকম যাদি তাঁদের কিছ্ পরামর্শ নেওয়া হত তা হলে এই বিলের চেহারা অন্য রক্ষু হতে পারত, কিন্তু তা হয় নি। আজকে সেইজনা বহু জারগায় ছালদের ম্থে এই প্রশ্ন উঠেছে যে, আমরা কোথায় এম-কম পড়তে পারব, কোথায় গিয়ে এম এস সি পড়তে পারব, কোথায় আমরা আনার্স ক্লাস করতে পারব—এই জিজ্ঞাসা অন্তড জারুয়া হুর্গালয় বহু জারগায় পেরেছি এবং সেদিক থেকে আশা করেছিলাম বে অন্তড কিছুটা

বিচার করা হবে এবং এই ফ্লোরএর মধ্যে অন্তত কিছুটা অদলবদল করা হবে, কিন্তু তা হ'ল না। সেদিক থেকে আমি বলতে চাই বে, তৃতীয় পর্যায়ে অল্ডত এমন কডকগ্রাল আখ্যাস মাননীয় মন্তিমহাশর দিন বাতে ভবিষাতে ছাত্র মহল, অভিভাবক মহল এবং কলেজের কর্তপক্ষের মনে व्यन्छछ किन्द्र मत्मर थाकरव ना-छात्रा मामरभग्मधत भर्या भएरवन ना। वाश्मारमर कानकारी আন্ড স্বোরবস বলে একটা কথা প্রচলিত হয়েছে—বহুতর কলকাতা বলে একটা কথা প্রচারন হরে আসছে দীর্ঘদিন ধরে, অন্তত সভ্যতার সংগ্যে সংগ্যে এটা চলে আসছে। আমরা আশা করেছিলাম যে, সেটা চিন্তা ক'রে অন্তত কিছুটা ব্যবস্থা করা হবে। কিন্তু এর আগে কিছু কিছ্ব কথা আমরা মফঃস্বলে শ্রেনিছি। কলেজ কর্তৃপক্ষগুলিকে এবং সেখানকার কিছ্ব কিছু এম এল এ-কে একথা বলা হয়েছে যে, তোমরা তো বেশি টাকা পাবে, তোমরা কেন ওখানে ৰাবে, তোমরা বেশি সুযোগ পাবে—এই ব'লে তাদের চুপ করানো হয়েছে। কিল্ড যে ধারাটা গড়ে উঠেছে বিগত করেক শতাব্দী ধরে সেটাকে রাতারাতি এমনি করে খড়ট্রকড়া করা বাবে না। আমি শিক্ষামন্তীকে বলতে চাই হুগলী জেলাকে এই বিলের আওতার মধ্যে আনা হয়েছে —আমি আশা করি ইতিহাস সম্বন্ধে তাঁর জ্ঞান আছে তিনি উনবিংশ শতাব্দী থেকে আর**ম্ভ** করে হ্রালী জেলার ইতিহাসকে একটা অনুধাবন করলে দেখতে পাবেন যে সারা ভারতবর্ষে ৰত মনীষী জন্মগ্রহন করেছেন তার চেয়ে অনেক বেশী সংখ্যায় মনীষী জন্মগ্রহন করেছেন হুগলীতে। তাঁরা বর্ধমান বা অন্য কোন জায়গায় জন্মান নি-তাঁরা উনবিংশ শতাব্দীতে বে একটা নবজাগরণের যুগ গড়ে তুলেছিলেন সেই ইতিহাসকে আমি স্মরণ করতে বলি মাননীয় মন্ত্রীমহাশয়কে। মনীষীদের কথা হচ্ছে আমাদের দেশে নদী এবং শিক্ষা এই দুই ধারা আমাদের भागाय करतरह। निर्मालक देश्ताक मिकरराह, आर्यनाता मकारहन এवर गिकारक देश्ताक নন্দ[ু] করেছে, আপনারাও নন্দু করছেন এই হচ্ছে অবস্থা। একটা মতামত এখানে পে**লাম** মাননীয় সদস্য মিহিরবাব, বলেছেন যে সরকারী হস্তক্ষেপ শিক্ষায় থাকৃক এটা আমি পছন্দ করি না কিন্ত, আমার কথাটা একট, ভিন্ন—যদি শিক্ষার গ্যারান্টি দেয়া বায় তাহ**লে নিন্চরই** সরকার শিক্ষার ভার গ্রহন করেন এবং সেদিক থেকে যখন শিক্ষার ভার গ্রহন করেছেন তখন বলবো যে শিক্ষার গ্যারান্টিটা এবার দিন। এই সমস্ত বিবেচনা করে আমরা আশা করেছিলাম ষে অন্ততঃ কোলকাতার সঙ্গে যুক্ত যে অঞ্চল সেই অঞ্চলগুলিকে বাদ দেয়া হবে কিন্তু তা দেন নি। আমি র্য়ামেন্ডমেন্ট এনেছিলাম যে শ্রীরামপুর কলেজকে বাদ দেয়া হোক কিন্তু তা হোল না। এটাকে বাদ দিলে এমন কিছ্মুক্ষতি হোত না, কাজেই এটা আমি একটা বিবেচনা করতে বলি। শ্রীরামপুরে কলেজের একটা আইন আছে যে আইনের বলে তারা স্বতন্মভাবে পারবেন। তাছাড়া গতকলাকার ন্টেসমাান পত্রিকায় শ্রীরামপুর কলেজের কর্তৃপক্ষের যে মতামত বেরিয়েছে সেটা নিশ্চয়ই অনেক সদস্য লক্ষ্য করেছেন-যদি প্রস্তাবিত বর্ধমান বিশ্ববিধ্যালয়ের মধ্যে তাঁরা যান তাহলে তাঁদের পেট্রনেজ নষ্ট হয়ে যাবে। অনেকে জানেন যে এটা মিশনারী करमञ्ज এবং তারা সেখানে বহু সাহায্য পেয়ে থাকেন, একটা দিক বিবেচনা করে তারা এর বিরোধিতা করেছেন। তেমনি উত্তরপাড়া কলেজ, নবগ্রাম কলেজ, বিধানচন্দু রায় **কলেজ সে**টা বিষড়ায় আছে তারা সমস্ত এটার বিরোধিতা করছেন এবং প্রতিবাদ করছেন কারণ **এই** কলেজগুর্নি উঠে যেতে বাধা। সেদিক থেকে মন্দ্রীমহাশয়কে একট্ বিবেচনা করতে বলি, এবং বলি তিনি আবার ভাবনুন—এই অগুলে একটা কলেজ করা যায় না, তিনি যেন এগুর্নিকে উঠিয়ে না দেন এই আমার অনুরোধ।

[3-50-4 p.m.]

Dr. Radhakrishna Pal:

মাননীর ডেপ্টি স্পীকার মহোদর বিগত করেকদিন ধরে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের ঐতিহা
এবং গণতাল্যিক পশ্বতি সম্পর্কে আমাদের সিনেটার, মাননীর সদস্য ডাঃ হীরেন চ্যাটান্ধ্রী
মহাশর বহু কথা বলে গেলেন এবং আমাদের শিক্ষামন্দ্রী মহাশারকেও তিনি বহু কথা বলে
গেলেন। একট্ আগে মিহরিবাব্ তার গালাগালি শানে বল্লেন যে আমি এতখানি বেতে চাই না,
আমি শান্ধ তার কর্মপশ্বতি নিয়ে সমালোচনা করতে চাই। আমি শান্ধ ডাঃ হীরেন
চ্যাটান্ধ্রীকে, ওয়ান অব দি সিনেটারস অব দি ক্যালকাটা ইউনিভাসিটি, তার ঐতিহাপাশ
ইতিহাস দিক্ষি। গণতল্যের ধর্জাধারী ডাঃ চ্যাটান্ধ্রী এটা যেন শোনেন। মিঃ ডেপট্টি
স্পীকার স্যার কোলকাতা বিশ্ববিদ্যালয়ের র্যাফিলিয়েসন পেতে হোলে কোন কলেজকে, তাদের

প্রিভিন্নাস ইরারের ১৫ই আগন্টের মধ্যে দরখান্ত করতে হয়। আমাদের ওখানে এক কলেজ ১৪ই আগন্ট আরিখে দরখান্ত করেছিল—আমি একটা একজামপল দিছি। উনি ত এতদিন ধরে খ্ব ব্লিল কপঢ়াছেন সিন্ডিকেটের ঐতিহা ও গণতান্তিক পন্ধতি সম্বদ্ধে। সেটা সেনেটে পাশ হরেছিল, তারপর, সিন্ডিকেটে গিরেছিল, সেখানে তাঁরা তাকে এ্যাফিলিরেশন না দিরে—ক্যান্সেল করে দেন।

মিঃ ডেপ্টি স্পকার স্যার, আমি সেই কথা আজকে জানাছি—ইউনিভার্সিটির সেনেট ও সিন্দিতকেটের ঐতিহ্য এবং গণতান্দ্রিক পদ্ধতি সম্পর্কে আজ সাত দিন ধরে, দিনের পর দিন বে ছাবে সমাজোচনা তিনি করে গেলেন।

মিঃ ডেপ্নিট স্পীকার, স্যার, কোন কলেজকে কলিকাতা বিশ্ববিদ্যালয়ের অ্যাফিলিয়েশন প্রতে হলে, তার আর্থিক অবস্থা ঠিক আছে কিনা, তার আ্যাকসের্সারস ঠিক আছে কিনা এবং তার টাইটেল অফদি ল্যান্ড ঠিক আছে কিনা, দেখতে হয়। আমার ওখানকার কলেজটি সন্বন্ধে লেখা গেল তার টাইটেল ঠিক আছে, তার আ্যাকসের্সারজ ঠিক আছে এবং ৭০ হাজার টাকা জমা লেওরা আছে। ইন্সপেন্টর অফ কলেজেস সোমেন্বরপ্রসাদ মুখার্জি এবং তাঁর সপ্পো গেলেন লোমেন রায় মহাশায় ঐ কলেজ ইন্সপেকশন করতে এবং ইন্সপেকশন করে তাঁরা সন্তন্ত ইরে বলেন বে, ঐ কলেজ আ্যাফিলিয়েটেড হবার উপযুত্ত। তার আ্যাফিলিয়েশনএর সমন্ত ব্যবস্থা হরে বায়, ইতিমধ্যে আমি ডাঃ চাটোর্জিকে একট্, ভাল ক'রে শুনতে বলছি—সাম অফ দি হৃদ্ধের্জিকোল মেন্বারসএর ইনক্স্বয়েশ্যএ ঐ কলেজকে অ্যাফিলিয়েশন না দিয়ে, আর একটা কলেজকে অ্যাফিলিয়েশন দিয়ে দেওয়া হল। যিনি নিজেকে বড়াই ক'রে ব'লে থাকেন ডেমো-ভ্যাসির নায়ক, গণতন্তার নায়ক, নয়াচীনের বন্ধ্যু সেই ডাঃ চ্যাটার্জিকে জানাছি এবং তাঁর কমিউনিস্ট বন্ধ্যুদের

one inducement corrupts the whole company.

আমি তারপরে আপনাকে জানাছি যে, হঠাৎ দেখা গেল—যেখানে নিয়ম ছিল যে, ১৫ই অগাল্টের প্রে ইউনিভার্সিটিতে দরখাস্ত করতে হবে, সেখানে একটি কলেজ ২৩এ জানুয়ারি তারিখে, পরের বছর দরখাস্ত করে আ্যাফিলিয়েশন পায়। সেই কলেজের ডির্সাপউটেড টাইটেল ছিল এবং তা নিয়ে আমাদের সেখানকার ম্লেসফ ম্যাজিস্টেটের কাছে কেস চলছিল। তিনি ইউনিভার্সিটিকে জানিয়ে দেন যে, সেই কলেজ সম্বন্ধে ইনজাংকশন জারি করা হয়েছে। সঙ্গে সংশা ইম্সপেক্টর অব কলেজেস এবং তাঁর সংপা অন্যান্য সভারা সেখানে জেনারেল ইম্পপেকশন করতে যান এবং তাঁরা সকলে একমত হয়ে সেই কলেজের অ্যাফিলিয়েশন ক্যাম্পেল করান। আমি এটা একটা একটা একছাম্পল হিসাবে দেখালাম।

Dr. Hirendra Kumar Chattopadhyay: On a point of order, Sir. Is he speaking on the third reading of the Buardwan University Bill?

Shri Nepal Roy: Is that a point of order, Sir?

Mr. Deputy Speaker:

ওকে বলতে দিন।

Dr. Radhakrishna Pal:

আমি বা বলছিলাম। হঠাৎ দেখা গেল সেই কলেজ জন্মে গেল এবং ওয়ান অফ দি সিন্দিড-কেট মেন্বারস, তিনি জোর ক'রে সেই কলেজের অ্যাফিলিয়েশন দিয়ে দিলেন, সেটাকে ক্যান্সেল করলেন ইন্সপেক্টর অব কলেজেস।

মাননীর শিক্ষামকা মহাশর বলে গেলেন বা—সেই বি এল মিত্র কমিশনের রাহ্ হরে বিনি বলে আছেন, তিনি সবাইকে ছাড়িরে দিয়ে সেই ডিসপিউটেড কলেজকে আফিলিয়েশন দিরে দিলেন। আমি ডাঃ চাটার্জিকে সেই কলেজের নামটি জানিয়ে দিছি—সেটা হচ্ছে, রামকৃষ্ণ সারাদা বিদ্যালয়, যেটা বিমলবাব্র একটি কলেজ ছিল এবং তিনি হারেনবাব্র অন্যতম কথা। তিনি ছায়েনবাব্রেক সেখানে ক্রেড্রেন্টের ক'রে এটা করান।

भानवीत एक पि क्षेत्रिक मात्र, अर्जापन धरत क्षिकाला विश्वविद्यालाहेत मात्रा शक्काका ধ্রভাধারী ডাঃ চ্যাটার্জির কার্যকলাপের পন্ধতি আমরা বিশেষভাবে লক্ষা করেছি। সরকার वर्ष मान हैकेनिकामि विरुक्त अरवेरक्षिम निरम द्वारा कराउ वारक्त, अवर स्मारन भगवरमञ्ज स्कान চিন্ত নেই ৰ'লে মন্তব্য করেছেন। ঐ ইউনিভাসিটির যিনি ভাইস-চ্যান্সেলর হবেন তার সম্বন্ধে **uat त्याना ७ मिन्धिक्ट** सम्वाद यौदा श्रवन, जौमद कार्यक्लाभ मन्दर्भ जिनि महकाहरू সজাগ হতে বলেছেন। কিন্তু আমি তাঁকে জানাছি, ডেমোক্রেসি যখন ফেলিওর হয় তখন অন্য ক্রিনিস তার স্থানে আসে। আজ ভারতবর্ষে আফটার ইন্ডিপেন্ডেন্স, ১৯৪৭ সালের পর বদি পশ্ভিত নেহর, এই গণতন্ত্র না নিয়ে আসতেন, তা হলে আজকে সম্ভব হত না, এইরকম সব *ब्लाक्ट*क बड़े ज्यारमञ्जीनत मामत्न वीमरत् छाएनत माथ मिरत् बड़े ममन्ठ क्शीमर्फ कथा बनात। যিনি সেনেটের ফেশ্বার, তাঁর মূখ দিয়ে এই ধরনের কুংসিত কথা বের হতে দেখলাম। করেক-দিন আগে আমি হাওড়ার খাটা পায়খানা দেখেছিলাম, এটা যেন তার চেয়েও আরও বিশ্রী মুখ: সেহাটিক টাৰ্ল্ক হ'লেও বাঁচা যেত। দিনের পর দিন একজন শিক্ষাবিদ, যিনি মেডিকেল কলেজের ভাইস-প্রিলিসপ্যাল, তার মূখ দিরে আজকে যেসমস্ত কথা শুনলাম, তাতে অতাস্ত বিশ্মিত হরেছি। আত্তকে ক্যালকাটা ইউনিভাসিটি কোন্ পথে চলেছে? তাই আমি ওয়ান অফ দি মেন্বারস অফ দি সিনেট ও বিশিষ্ট শিক্ষাবিদকে স্মরণ করিয়ে দিতে চাই, আজকে সমর এসেছে বিশেষভাবে চিন্তা করবার যে, শিক্ষার গতি কোন্দিক দিয়ে হবে। সেইজন্য বর্ধমান ইউনিভার্সিটি বিল আনয়ন ক'রে যে পন্থা সরকার অবলম্বন করেছেনা সেটা আমরা हारे। **এ**ই ধরনের অটোক্রেসি না হ'লে এ দেশকে বাঁচানো যাবে না।

কালকে ও'রা চন্দননগরে মার খেয়ে এসেছেন এবং প্রতিদিন তাঁরা বাইরে মার খাছেন, আর এখানে এই অ্যাসেন্বলিতে এসে তাঁরা ভূরি ভূরি বলি ছাড়ছেন। আজ দিনের পর দিন, সব জায়গায়, স্যার, দেখা যাছে, প্যান্ডাইজম ইজ দি বেন্ট ইজম—এইসমন্ত ক'রে তাঁরা এখানে চলে এসেছেন।

On a point of personal Explanation

[4-4-10 p.m.]

Dr. Hirendra Kumar Chattopadhyay: Sir, on a point of personal explanation because my name has been mentioned more than once. I can only inform the House through you that the episode that he has mentioned was a same-sided goal affair between two groups of the Congress—one, Professor Bimal Mukherjee, supported by the Hon'ble Minister Prafulla Chandra Sen and the other was supported by Dr. Radhakrishna Pal who went to Shri Satish Chandra Ghosh for the cause of his support. Therefore that is a stupid and silly argument that he has raised.

Dr. Radhakrishna Pal:

পার্সোন্যাল এক্সন্সানেশন-এর কি মানে হল। সেই ভদ্রলোক সেদিনও আবার লালচীনের হয়ে চন্দননগরে বন্ধুতায় তিব্বত তারপর নেপাল তারপর সিকিম দখল করতে গিরেছিলেন।

8L Desarathi Tah:

ষানলীর ডেপ্ন্টি স্পীকার মহোদর, আমাদের এখানে বর্ধমান কিশ্ববিদ্যালয় বিল পাস হরে বাছে। এটা আমাদের আনন্দের কথা। এই বিলের উপর যেট্কু সমালোচনা শ্নলাম তাতে মনে হ'ল এতে বেন জমিদারের দৃষ্টিতে কৃষকের ছেলের পড়াশ্নার ফলাফলের উপর মন্তব্যের মত। অর্থাং চাষীর ছেলের পাশ করবার কথা নর, কিন্তু যখন পাশ করেই সেছে, তখন সে চাকরী পাবেই না। একটা কথা উঠেছে বর্ধমানে যে ইউনিভাসিটি হছে সেখানে কি ভাল পড়াশ্না হবে? ডিগ্রি পেলে সেটা বর্ধমান মার্কা ডিগ্রি হলে নাকি সেটা বাজারে চাল্ল্ হবে না। কলকাতা মার্কা ডিগ্রিই বাজারে চাল্ল্ হবে এই আশক্ষা করা হছে। মন্ত্রী মহাশরের কাছ থেকে জানতে চাইছি যে বর্ধমান ইউনিভাসিটির রূপ কি হবে, সেখানে পড়াশ্না কি রকম হবে এবং বর্ধমান মার্কা ডিগ্রিই হলে সেটা বাজারে ভালভাবে সচল হবে কি না সেটা পরিক্ষার করে বলে আমাদের নিশ্চিত এবং আশ্বন্ত করেন। এখানে একটা কথা বলব। বর্ধমানে মেডিকেল ক্ষেক্ষ

কররার কথা বলাছ। বাঁকুড়র মেডিকেল কলেজ হরেছে স্থের কথা, কিন্তু সপো সপো বর্ধস্বানে বে মেডিকেল স্কুল আছে তাকে বদি মেডিকেল কলেজে পরিণত করা হর নিশ্চরই সেটা ভাল হবে। ইঞ্জিনীরারিং কলেজ সম্পর্কে জানি দ্বর্গাপ্রের সেটা হবার কথা সেখানে আজও হল না অথচ অন্যায় এজন্যে বিলিডং হরে গেল। তা ছড়ো কুষিপ্রধান অঞ্চল কৃষি কলেজ হওরাটাও খ্য দরকার। এই বিশ্ববিদ্যালয়ে অধ্যাপনার বাবস্থা কি রক্ম করছেন এবং কি ধরনের অধ্যাপক তাঁরা আনতে পারবেন এটাও আমরা জানতে ইচ্ছা করি।

এবার উপচার্যের কথার যাব। আমরা শ্নছি শ্রীস্কুমার সেন মহাশারকে বর্গমান বিশ্ববিদ্যালয়ের বর্তমান আডামিনিস্টেটর নিষ্কু করা হরেছে, তাঁকেই নাকি উপাচার্য করা হবে।
কিন্তু আশ্চর্য ইচ্ছি এই কারণে যে শ্রীস্কুমার সেন যিনি ভারতের নির্বাচনের ক্ষেত্রে নোতৃন
নোতৃন পন্ধতির প্রত্মী হিসাবে বহুজনের প্রশংসা পেরেছেন, যিনি ভারতের বাহিরেও স্ন্দানের
নির্বাচন পরিচালনার অতান্ত থাতির পেরেছেন এবং সেখানকার লোক তাঁর নামে স্কুমার রেছে
পর্যন্ত করেছে তাঁর পরিচালনার অধীনে বর্ধমিন বিশ্ববিদ্যালয়ের পরিচালনা কমিটির নিরমাবলী
প্রণারনে কেন গণতন্তার সমাধি রচিত হচ্ছে? এই বিলের উত্থাপক শিক্ষামন্ত্রী মহাশার বদিও
বিদ্যা বিভাগীর এবং সেজনা তাঁহার বিনরী হওয়াই উচিত। কিন্তু তাঁর আচরণে মনে হর
টাকীর ক্ষমিদারী মেজাজ এখনো তাঁর গা হ'তে বিদায় নেয় নি।

আমার বন্ধবা হচ্ছে যে স্কুমার সেনের উপর নির্ভার করে ভারতবর্ষ নির্বাচনে শিক্ষা লাভ করেছে এবং যিনি বিশ্বের বিভিন্ন জায়গায় নির্বাচন ব্যাপারে কর্তা ব্যবি হয়ে যাছেন সেখানে আশা করি নির্বাচন পশ্বতি ভালভাবে হওয়া উচিত এবং আগামী সেসানে এটার সংশোধন হবে।

এখন ড': রারকে আমি একটা কথা বলে রাখতে চাই। তিনি প্রতিশ্রুতি ভপ্প করছেন কিনা মনে করে দেখন। এ হাউসে তিনি বলেছেন যে বর্ধমান ইউনিভাসিটির ভাইস-চাস্সেলার এ অধমকেই করা হবে এবং এটা অনাহারী হবে। এখন দেখছি যে তা নয়, ভাল করেই আহারের বাবস্থা আছে। যাই হেন্ক বর্ধমান ইউনিভাসিটিকে প্রথম শ্রেণীর বিশ্ববিদ্যালয় করা হবে এই আংবাস দিন। ছেলে রোগা হলে যেমন টনিকের বাবস্থা করেন এর বেলায়ও যেন সে বাবস্থা হয়। আর এক কথা যে রাজবাড়ীতে বিশ্ববিদ্যালয়ের উন্বোধন হচ্ছে সেই রাজবাড়ীর প্রাপেণা থেকে কুখ্যাত লর্ড কর্জনের মর্মার মৃতি যেন অর্পসারিত হয়। বর্ধমানের প্রসিম্ধ কার্জন গোটকে আমরা বিজয় তোরগা নাম দিয়েছি দেশের স্বাধনিতর পরে।

আর একটা বিষয় বিবেচনা করবেন। বর্ধমানের মহারাজা তাঁর বাটী বিশ্ববিদ্যালয়ের জন্য ছেড়ে দিয়েছেন। কিন্তু সেই জায়গায় বিশ্ববিদ্যালয় যখন করতে যাছেন, সেখানে মিউজিয়ামের প্রয়োজন, সেখানে ঐতিহ্য রক্ষার বাবস্থা থাকা দরকার। বিশ্ববিদ্যালয় সংস্কৃতির ধারক ও বাহক কিন্তু বর্ধমানে বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য একটা ব্যতিক্রমের দিকে দুখ্টি দিতে বলি। বর্ধমান রাজ্বাটী পায়রার জন্য বিখ্যাত। রাজ্বাটীর একদিকের বিশাল প্রচাটরে এক লক্ষ্ণ পারাবত থাকার গ্রহা ছিল। রাজ্বাটী হতে উহাদিগকে দৈনিক খাদ্যশস্য দেওয়া হতো। এক সপ্রে এক পায়াবত ভারতে কেন বিশ্বে কোখাও আছে কি না সন্দেহ। বহু দুরু দেশ খেকে কড পর্যাক এই পায়রাখানা দেখতে আসতেন। পায়াবত শান্তির প্রতীক। ভারতবর্ষ শান্তির অন্তর্দত্ত, শিক্ষাও শান্তির জনাই। আজ সরকার পরিচালিত বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ঐ কঠিন প্রচানীরকে ভাগিয়া দিয়া লক্ষ্ণ পায়াবতকে বাস্তুচ্যুত করিতেছেন। যাহাতে বর্ধমানের তথা ভারতের এই সংস্কৃতি রক্ষিত হয় এবং শান্তির স্থালে অশান্তি না হয় সেদিকে পারাবতকৃলের প্রনাসনের বাবস্থা করা হউক।

Shri Gokul Behari Das: Sir, under the covert attack of the Opposition I find disguised support for the Bill. There is no denying the fact that there is necessity for such a University but at the same time Government has taken upon itself a great responsibility and I hope that Government will rise to the occasion and discharge its responsibilities in a befitting manner.

Now, Sir, for the present we entertain certain doubts and apprehensions. One apprehension is that in distribution of its jobs the Government may show predilection for the alumni of the Calcutta University, and another apprehension is that those who are coming from the jurisdiction of the Burdwan University, may want to prosecute studies under the Calcutta University, may not find proper facilities and restrictions may be put in their ways. I hope, Sir, that on behalf of the Government the Hon'ble Minister will be able to dispel these fears as groundless.

I would like to point out in this connection that there is no convenient railway connection between Bankura and Burdwan. I would, therefore, suggest that the existing Bankura-Damodar River Railway line may be linked with Burdwan and I would appeal to the Government of West Bengal to take up this matter with the Central Government.

Sir, in the Statement of Objects and Reasons to the Bill we do not find any mention of medical teaching. I do not know why the Government is silent over it. So far as this university is concerned, I would appeal to them that they should develop the present existing medical institution, viz., Bankura Sammilani Medical College to its fulfil growth. Let us hope, Sir, that the university that is going to be launched will grow and take its place of pride among the premier universities of Bengal. Let it start with the blessings of all so that it may fulfil its destiny.

[4-10-4-20 p.m.]

Shri Benoy Krishna Choudhury:

মাননীয় ডেপ্রটি স্পীকার মহাশয়, আমি কয়েকটা সঞ্জেসন এখানে দেবো, মাননীয় শিক্ষামন্ত্রী মহাশের এবং মুখামন্ত্রীর বিবেচনার জন্য। প্রথমতঃ এখানে এটা আলোচনা হয়েছে এবং তাতে প্রপদ্ট হয়েছে যে বর্ধমান ইউনিভাসিটি বিল-এর যে প্রস্তাব আনা হয়েছে তার পোষ্ট গ্রাজ্যুরেট টিচিং সম্পর্কে সকলেই বলেছেন পোষ্ট গ্রাজ্বয়েট টিচিং-এর মান ঠিক কি হবে, তার উপযুক্ত শিক্ষক পাওয়া যাবে কি না এবং সেই মান থাকবে কি না। এই সম্পর্কে আমি মনে করি বর্তমানে যে অবস্থা শিক্ষকদের পাবার জন্য অসুবিধা হচ্ছে তার জন্য অন্ততঃপক্ষে আগামী ৫ বংসর ক্যান্সকাটা ইউনিভার্সিটি থেকে পোষ্ট গ্রাজ্বরেট টিচারদের অনুমতি দেওয়া যেতে পারে বাতে তারা বর্ধমান ইউনিভার্সিটিরে পড়াতে পারে। এটা অন্যান্য দেশেও হয়, অনেক সময় অন্য দেশের সংশা টিচ:র্স এক্সচেম্ব করা হয়। এথানেও সেই রকম হওয়া উচিত, কারণ এখানেও ভাল শিক্ষকের প্রয়োজন আছে। তারপর শিক্ষকদের এই সমস্যা দূরে করার জন্য যেমন সেকেন্ডারী দকল-৩ প্রত্যেক শিক্ষককে বি টি অনার্স বি টি পাশ করাবার বেমন একটা কার্যক্রম গ্ররণ করা হয়েছে সেইভাবে পোস্ট গ্রাক্তরেট টিচার্স'দের জনাও একটা কার্যক্রম গ্রহণ করা উচিত। এটা দুইভাবে বলছি। একটা হচ্ছে হাইয়ার টিচিং ও হাইয়ার আকাডেমিক টিচার্স দের উপযুক্ত বেতনের ব্যবস্থা করতে হবে নইলে ভাল শিক্ষক পাওয়া যাবে না। দ্বিতয়তঃ যথেন্ট পরিমাণ সাহাষ্য করতে হবে যাতে তাদের মধ্যে যারা প্রতিভাবান ছাত্র তারা বিদেশে গিয়ে হাইরার স্টাডিজ গ্রহণ করতে পারে। এইভাবে শিক্ষ র মান উন্নত করতে হবে। দ্বিতীর সঞ্জেসন হচ্ছে বর্ধমানে ইউনিভার্সিটি হচ্ছে, উত্তর বাংলার ইউনিভার্সিটি হবার কথা হচ্ছে, কল্যাণীতে হবে, এই দিক থেকে সরকারের সারা পশ্চিমবাংলার জন্য একটা ওয়েল থটা আউট স্ল্যান থাকা দরকার। আমার মনে হয় কোন ইউনিভাসিটি কিসের উপর জোর দেবে, কলিকাতা ইউনিভাসিটি কিসের উপর থাকৰে এইগ্ৰাল ভাৰা উচিত। আমার মনে হয় কলিকাতা ইউনিভাসিটির যে ট্রেভিশন আছে তাতে ভারতবর্ষ স্বাধীন হবার পর-আর এই ইনফেরিওরিটি কমপেলর থাকা উচিত নর। কলিকাতা ইউনিভাসিটি সারা ভারতবর্ষের মধ্যে একটা শ্রেষ্ঠ ইউনিভাসিটি, এটা বাতে কেন্দ্রীৰ, অক্সকের্ড হাডার্ডাস-এর সমান হরে দাড়াতে পারে সেদিকে আমাদের নজর দেওরা উচিত। সেই জন্য কলিকাতা ইউনিভাসিটিতে হাইয়ার টিচিং, পোল্ট গ্রাজক্রেট টিচিং, রিসার্চ ইত্যাদির দিকে বিশেষ করে জোর দেওরা উচিত। অন্য বিশ্ববিদ্যালয়েও তাই হয়। আমি ফার্স্ট রিডিংএ

বলেছিলাম ইউরোপে বা হরে থাকে তা এখানেও বলা বার বে মডার্ন স্পিরিট অফ দি ইউনিভার-সিটি থাকা দরকার। কারল আডকে নানা দিক থেকে ইউনিভারিটিট এডুকেশন-এর শ্রেরোজন আছে, সেদিক থেকে এটা বদি কেমরিজ, নটিংহাম মত ঠিক হতে পারে তাহলে পোন্ট গ্রাজনুরেট থেকে বেরিয়ে যথেন্ট সংখ্যক ছাত্র বিভিন্ন ব্যবসা বাণিজ্য, শিল্পে তাদের কাজের জন্য সাহাষ্য করতে পারে। আজকে অনেক জারগার দেখছি ইকনমিশ্ব-এর দরকার। নানা রকম শিক্ষা দেখার দরকার রয়েছে, বেমন আজকাল বি কম ছাড়া ক্লার্ক হয় না এবং হাইরার আকাউনটেন্সি শিক্ষা দেখার দরকার আছে।

আজ দেশের সর্বায় টেকনলোজিক্যাল ইনস্টিটিউট গড়ে উঠা দরকার এটা আজকে সকলেই স্বীকার করছেন। আমি লন্ডন ইন্পিরিয়াল টেকনলোজিক্যাল ইনস্টিটিউট-এর উদাহরণ দিয়ে বর্লোছলাম যে, বর্ধমানেও সেইরকম একটা টিকনলোজি ফ্যাকাল্টির ব্যবস্থা থাকতে পারে। আমার কথা হচ্ছে যে, বর্ধমানে নতন বিশ্ববিদ্যালয় করতে গিয়ে তাঁদের মধ্যে যাতে কোন রকম ইনফিরিঞ্-রিটি কমপ্রেম্ম না থাকে এবং এডকেশন স্ট্যান্ডার্ড যাতে কোন প্রকারে ব্যাহত না হয় সেদিকে লক্ষ্য রাখতে হবে। সেদিক থেকে আমর মনে হয় যে, ক্যালকাটা ইউনিভার্সিটির টিচারদেরও वर्षभात्न निरम्न यावात वावन्था कता त्यारा भारत। जाककान এই वाकन्था कतात कान जन्मविधा ह्यात कथा नत्र, कात्रण, हेटमकप्रिक प्रोन-अत राजन्था हश्यात घाणात्राएउत मृतिथा हरसएए। कामकार्धा ইউনিভার্সিটির পোষ্ট গ্রাজ্করেট টিচিং স্টাফ-এর সঙ্গে এই ব্যবস্থা সহজেই হতে পারে। এবং বিদেশেও এই রকম এক্সচেঞ্চ অফ চিচার-এর ব্যবস্থা আছে। যাই হোক, এখন না হলেও আগামী ৬।৭ বংসরে যদি এই ব্যবস্থা হয় তাহলেও আমরা কিছুটো আশ্বস্ত হতে পারি। এখানে বিশেষ করে মনে রাখা দরকার যে, বর্ধমান ডিভিশনের যে জায়গা এই ইউনিভার্সিটির আওতায় এসেছে সেটা ডি ভি সি ও ময় রাক্ষী পরিকল্পনার জায়গা। এবং এই অণ্ডল অর্থাৎ বর্ষ মান, বীরভূম ও মেদিনীপরে থেকে প্রচর পরিমাণে চাল প্রোকিওরমেন্ট করা হয়। সেজনা আমি মনে করি একটা কোর্আর্ড নেটেড স্প্রান থাকা দরকার—যাতে করে দেশের অভাস্তরে আরো বেশী করে এগ্রিকালচা-রাল কলেজ গড়ে উঠতে পারে—প্রত্যেক সার্বার্ডান্ডসনে যাতে করে একটা এগ্রিকালচারাল স্কল গড়ে উঠতে পারে সেদিকে দুন্টি রাখতে হবে। এর মাধ্যম আজকে আমাদের দেশের <mark>যেটা সবচেরে</mark> বড় হ্যারাসিং প্রবলেম, আনএম প্লায়মেন্ট তারও কিছুটো সমাধান হতে পারে। এতে শুখু বে অধিকসংখ্যক ছেলে কৃষিবিদ্যা শিক্ষার দিকে আকৃষ্ট হবে তাই নয়, কৃষিজ্ববিীরাও উন্নরতর পর্ম্বাততে কৃষিকার্য পরিচালনার সুযোগ পেতে পারে। সেজনা আমি মনে করি কৃষিবিদ্যার প্রসার বাতে ব্যাপকতর হতে পারে তার বাবস্থাও রাখা দরকার। শিক্ষামন্দ্রীর একটা কথা শানে আমি আশ্চর্য হয়ে গেলাম—তিনি বলেছেন এবং যান্তি দেখিয়েছেন যে, এই বিশ্ববিদ্যালয়ে কলকারখানার मार्गातमात्रपात निर्म ছেলেদের চাকরী পাওয়া স্ববিধা হবে। বিশ্ববিদ্যালয়ে যারা শিক্ষা পেতে আসবে তারা কি চ করীর উমেদারী শিখতে এখানে আসবে। এরকম গোলামী শিক্ষার ব্যবস্থা কোন আদর্শ শিক্ষাপ্রতিষ্ঠানের থাকা উচিত নয়। তারা প্রকৃত শিক্ষা পেয়ে দেশের সংস্কৃতির ভাবধারার ধারক হয়ে মানুষ হয়ে উঠুক এটাই আদর্শ হওয়া উচিত। তাদের মানুষ হওয়ার জন্য সমস্ত দিক থেকে ইক্ইপ করে তোলার ব্যবস্থা করা দরকার। জাদের সামনে একটা নোবল আইডিয়াল তলে ধরা দরকার, শুধুমাত একটা মাত প্রেগমেটিক যুক্তি দেখিয়ে বিশ্ববিদ্যালয়ের मन्यान का करत्वन ना।

Shri Basanta Kumar Panda: Sir, I have got not much to say during the third reading of the Bill. I would only draw your attention and, through you, the attention of the House to two or three points only. The situation has been well settled, site has been well chosen and I welcome the establishment of a University at Burdwan. Throughout the clauses I was disappointed as to the constitution of the Bill. As an explanation one thing has been suggested, namely, that at the primary stage there should be greater amount of official control. I should like to say that by successive amendments in successive years when the University will be established and run, when the necessity will be felt, as it should be felt, by successive legislation the powers which should be in the hands of the educationists and in hands of the representatives of the educationists i.e., teachers, etc., should be handed back to them from the official class.

With regard to the area I would say that the area is a mixed one. On the eastern part of the area we see a developed portion of the land—the land of our ancient poets Chandidas, Vidyapati and Kasiramdas and so on, and the land of the latest activities of our Poet Tagore, but on the western side of the area we see an underdeveloped portion, but at the same time there are enough natural recources underneath the earth in the shape of coal, iron, mica, and so on. And this University should at least make an attempt and endeavour to revive the resources which are lying hidden in the earth by the establishment of a greater number of engineering, metallurgy and other similar colleges. So I would say that this should be done. Another thing that I want to mention about is that the western part of the area is mostly inhabited by poorer people. So responsibility should be taken by the University for the development of their culture, their position and their economic wellbeing. This is, Sir, with regard to two things about the development of the area.

[4-20-4-30 p.m.]

This is with regard to the development of education. Sir, in recent years we have seen how in competitive examinations our students have failed. Our students are unable to compete with other University students. It may be that our education system is not good, or it may be that our examination system is not good or it may be that our standard of education has gone down. Therefore, Sir, special attempts should be made to raise the educational system, the examination system as also the standard of education. At least from the very beginning attempts should be made to see that the standard does not lower in the Burdwan University. The standard should at least be like that of the Calentta University. Therefore, if necessary, a joint council of examiners, a joint council of paper-setters and a joint council of syllabus-makers should be formed with regard to these two universities. If this is not done the purpose of this University will be lost. It may be that there will not be sufficient number of good professors in the beginning. It is very desirable that we get sufficient number of good professors in the Burdwan University. Then, Sir, I have got another misgiving. Though I congratulate the Hon'ble Minister for establishing this University but when I think that our resources are very meagre and that we have consecutive deficit budgets during the last few years, I am worried about the finances of the new University. I think the Centre and the Grants Commission should come to the help of this new University. We know, Sir, that there are no engineering colleges or well-equipped medical colleges in Burdwan. So arrangements should be made for giving such education to the students of the Burdwan University in the colleges of the Calcutta University and students from the Calcutta University should be given similar facilities to be admitted in these colleges. Attempts should be made from the very beginning to keep the standard of both the Calcutta University and the Burdwan University the same for many years to come.

Sir, I congratulte the Hon'ble Minister again for establishing this Burdwan University and I thank him also for excluding Midnapore from the purview of the Burdwan University.

Sj. Bejoy Lal Chattopadhyay:

মাননীর ডেপাটি স্পীকার মহোদর এই বর্ধমান ইউনিভাসিটি বিলকে সমর্থন করতে গিরে আমি দ্ব-একটি কথা বলতে চাই। এই আলোচনার ততীর পর্যাদ্য ডাঃ চাটজির বঙ্কৃতা যখন আমি শ্রুছিলাম তখন আমার মনে হচ্ছিল বে এই পাধিবীতে দুই দল মানুষ আছে। একলল প্রচাত আশাবাদী—বাদের অমরা অপটিমিন্ট বলে থাকি—এবং আর একদল লোক হচ্ছে বাদের

আমরা পেসিমিনট বলে থাকি—অর্থাৎ নিরাশবাদী। অর্থাৎ এক টাইপ হচ্ছে কার্লাইল টাইপের লোক বারা সব জিনিষকেই দেখেন অম্থকারের মধ্যে—তারা আশার আলো খল্লৈ পান না; আর একদল হচ্ছেন হুইটম্যান টাইপের লোক বারা সব সময় প্রথিবীতে আশার আলো দেখে: এবং चात्र अकमन लाक राह्मन वाता সূর্বের অন্তরালে স্বকিছ, দেখেন। ডাঃ চ্যাটার্জি বখন বলছিলেন যে এই ইউনিভাসিটি বিল হবে দানব শিশ্বে মত তখন আমার মনে হচ্ছিল যে তার চোখ ঐ পশ্চিমের দিগশ্ত বলয়ের দিকে বেখানে প্রতিদিন সূর্য ভূবে বায় এবং অম্থকার ঘনিয়ে जारन। अको প্রতিষ্ঠান সেটা দানব শিশু হবে, कि মানব শিশু হবে, कि দেবশিশু হবে সেটা একাশ্তভাবে নির্ভার করে কি রকম মানুষ সেই প্রতিষ্ঠানের হালে থাকবেন। অর্থাৎ লিভার্নিপ্র-এর উপরই একাশ্তভাবে সব জিনিষ নির্ভার করে। আমি মনে করি না বে বপাঞ্চননী এমন ব্যারেন হয়ে গেছেন যে এই দেশে আর বড় মানুষ জ্বনাচ্ছেন না বা ভবিষ্যতে জন্মাবার কোন সম্ভাবনা নেই। এই ইউনিভাসিটির হালে একদিন ভাল ভাল মানুষ বসবেন এবং বাদের নেতৃত্বে এই ইউনিভার্সিটি একদিন বাংলাদেশের গৌরবন্ধল হয়ে উঠবে এই বিশ্বাস আমার যোল আনা আছে। কোন বড় স্থিট করতে গেলেই খানিকটা পরিমাণে এই সব বিশ্বাস করতে হয়। কসম্বাস যখন অজ্ঞানা সাগরে পাড়ি দিয়েছিলেন তখন কলের রেখা তার সামনে ছিল না তব্ত তিনি সাগর বক্ষে তরী ভাসিয়েছিলেন। দিনের পর দিন তিনি বায়নাকলার দিয়ে দেখতেন বৈ কোথায়ও তীর আছে কি না, মাঝ সমুদ্রে নাবিকরা বিদ্রোহ করেছিল কিন্তু কলন্বাস চলছিলেন এই বিশ্ব স নিয়ে যে একদিন না একদিন কূল খুজে পাব এবং কূল যদি খুজে না পাই ত হলে তীর আঁকডে বসে থাকব না। আজকে কোলকাতার কলেজগুলির এমন অবস্থা যে সেখানে ছারসংখ্যা আর ধরছে না। বেশী পরিমাণ ছাত্র থাকলে ছেলেদের পড়াশনার অস্কবিধা হয়। **रम**कना रकान त्र कर्रेनी छक हकारण्डत काना नया आक वाश्वारमरागत श्राराकरानत रागिरामरे वर्षभारन এর প একটি বিশ্ববিদ্যালয় গডবার প্রয়োজন হয়েছে এবং তার স্থান্টির প্রভাতে আমাদের সকলকেই কলন্বাস-এর মত বিশ্বাস করতে হবে: তেনজিং এবং হিলারীর মত আমরা বিশ্বাস করব যে আমরা ঠিক জায়গায় পেছিল। এই বিশ্বস যদি আমাদের থাকে তাহলে আমাদের আবহাওয়া অনুকলে হবে এবং আমরা এই বিশ্ববিদ্যালয়ের তরণীতে ঠিক ঠিক মতন মানুষ পাব র্যিন আমাদের একদিন না একদিন উপকালে পেণছে দিতে পারবেন। আর একটা কথা হচ্ছে আমরা জানি যে আমাদের সম্পদকে বাম্ধি করবার জন্য জড় প্রকৃতিকে জয় করতে হবে এবং তা করতে গেলে এই টেকনলোজির আশ্রয় নিতে হবে। কাজেই আমরা যদি বাংলাদেশের এই দিগস্ত-প্রসারী দারিদাকে প্রাচর্যে র পাশ্তরিত করতে চাই তাহলে শুখু রবীন্দ্রনাথের কবিতা পড়লেই हरव ना-आभारमत श्ररप्राञ्चन रेवद्धानिक ও छोर्कानित्रज्ञान এवर ग्रंद् ১।२।८ जन नज्ञ-आभारमत প্রয়ে জন হাজার হাজার টেকনিসিয় ন একটা কথা আমি শিক্ষামন্ত্রী মহাশয়কে বিশেষ করে বলতে চাই যে, টেকনলোজির উপরেই খবে বেশী জোর দিলে হবে না। মানুষ গত ২॥ শত বংসর ধরে **এই টেকনলোজির সাধনা এই জনাই করেছিল যে পাথবী একদিন সব পেরেছির দেশে গিরে** পৌছবে। কিন্তু আজ দেখছি যে এই টেকনোলজি হাইড্রোজেন বোমা আবিষ্কার করে প্রথিবীকে প্রার প্রদার সাগর তীরে পোছে দিছে। কান্সেই শুধু টেকনলব্রিই নর সপ্যে সপ্যে আমাদের निर्मारतात्र-धत्र উপরেও জোর দিতে হবে। আজকে বাধা বাইরে নয়--সব বাধা হচ্ছে অন্তরে। কান্ধেই বদি মানুবে মানুবে, জাতিতে জাতিতে একটা প্রীতির ও প্রেমের সম্বন্ধ স্প্রতিষ্ঠিত করতে না পারি তাহলে এই টেকনলোজি আমাদের একটা মহা ধ্বংসের মধ্যে পেণছে দেবে। আর লিটারেচার-এর কাজ হচ্ছে মানুষের অণ্ডরের মধ্যে সেইসব মহৎ আদর্শকে প্রতিষ্ঠিত করা—বাকে আশ্রর করে মান্ত্র বড় হতে পারবে। এখানে আমি গীতার একটি শেলাক বলব:—

শ্রম্থাময়োহং পর্র্বঃ

व यत्का च्यः म এव मः॥

অর্থাৎ বার অন্তরে যে-রকম প্রন্থা ও বিশ্বাস তার জীবন সেইভাবে গড়ে উঠবে। এই বলেই আমি আমার বছব্য শেষ করছি। [4-30-4-40 p.m.]

Sj. Apurba Lai Majumdar:

মাননীর ডেপটি স্পীকার মহ শর, এই বিলের তৃতীর পর্যায়ে আলোচনা করতে উঠে বর্ষমান বিশ্ববিদ্যাল এক সমর্থন করে আমি তার একটা বিষয়ের প্রতি শিক্ষামন্দ্রী মহাশরের দ্থিত আকর্ষণ করার চেন্টা করব। এর আগে প্রথম এবং ন্বিতীয় পর্যায়ে আলোচনা কালে প্রতিটি হুটি-বিচ্যুতি সম্পর্কে আমরা আলোচনা করেছি এবং আমাদের বন্ধবা সেখানে পরিম্কার করে রেখেছি। এই বিলের মধ্যে ক্লব্ধ ৬-এ একটা প্রভিশন করা হয়েছে সেটা হচ্চে

provision as to discrimination on the grounds of religion, race, caste, sex—
আমি এটার প্রতি শিক্ষামন্দ্রীর দৃষ্টি আকর্ষণ করে করেকটা কথা বলতে চাই। প্রথম কথা হল
এই বে বেদিন এই বিল আলোচনা হয়েছিল সেদিন শিক্ষামন্দ্রী হাউসের সামনে বলেছিলেন বে
সমস্ত ফাইন নিসন্নাল রেসপ্নসিবিলিটি অফ দি ইউনিভাসিটি গভর্নমেন্ট টেক আপ করছেন
এবং গভর্নমেন্ট তার মেন্টেন্যান্স-এর সমস্ত দ য়িত্ব নিচ্ছেন, একথা আমরা এখানে শ্নেছি।
ক্ট্যাট্ট-এর মধ্য দিয়ে বেখানে ইউনিভাসিটি আমরা গঠন করতে চলেছি এবং তার মেন্টেন্যান্স-এর
দায়িত্ব সরকার নিয়েছেন, সেখানে গভর্নমেন্ট বা সেই ইউনিভ সিটি কি এমন কিছ্ প্রভিশন
রাখতে পারেন বারে ডিসক্রিমনেশন অন দি গ্রাউন্ডস থাকতে পারে। এ বিষয়ে বখন মাননীয়
সদস্য শ্রী পাণ্ডা হাউসের দৃষ্টি আকর্ষণ করেছিলেন তথন শিক্ষামন্দ্রী বলেছিলেন যে

The onus of the discretion lies on the private individuals and not on the State which under the Constitution could not indulge in discrimination.

এই কথাটা আমি এখনে এইজন্য বলছি যে ইউনিভার্সিটির ফাইন:নিসরাল মেন্টেন্যাম্স-এর সদপ্র্ দারিত্ব সরকার যথন নেন তখন এই প্রভিশন রাখা কর্নাস্টিটিউশন-এর বার কি না ? এই বিষরে আমার মত অত্যাত স্কুপ্রট। আমি বলতে চাই যে কর্নাস্টিটিউশন-এর আর্টিকল ১৫ বে অধিকার দের সেই অধিকার অন্সারে শিক্ষামন্ত্রী এই প্রভিশন রাখতে পরেন না। আমি তাঁকে একটা ইনস্ট্যাম্স দেব—সেটা হল

University of Madras vs. Santabay-A.I.R. 1954

এই মামলার যে রায় দেওয়া হয়েছে সেই রায়েতে মাদ্রজ হাই কোর্ট থেকে এই কথা পরিষ্কার করে দেওয়া হয়েছে যে যদি ইউনিভাসিটি মেন্টেন করে বাই দি স্টেট তাহলে সেখনে কোন রকম ডিসক্লিপেন্সী থাকতে পারে না এবং যদি ডিসক্লিপেন্সী রাখা হয় তাহলে ইট গোজ এগেনন্ট দি কর্নস্টিউশন ইটসেল্ফ। যদি শিক্ষ মন্ত্রী একথা বলেন যে ইউনিভার্সিটির ফাইনানসিয়াল রেসপর্নাসবিলিটি তাঁর এবং মেনটেন্যান্স তিনি করবেন তাহলে আমি বলব যে আনলেস ইট ইজ মনটেইল্ড বাই দি স্টেট হচ্ছে। আমি অর একট্র পরিন্কার করে বন্তবাটা রাখতে চাই ষে উনি হয়ত বলতে চাইবেন স্টেট বলতে যা বোঝায়, তার ডিফিনিশন-এর মধ্যে ইউনিভাসিটি পড়ে কি না। আর্টিকল ১২-এ স্টেট ডেফিনিশন কি হবে ফাল্ডামেন্টাল রাইটস এর প্রসারতার জন্য এখানে স্টেট ডেফিনিশন অনেক বিস্তৃত করা হয়েছে এবং আর্টিকল ১২ বলছে স্টেট, লোকাল ল্যান্ড আদার অর্থারটিজ এই আদার অর্থারিটিজ-এর উপর আমি আমার বক্তব্য রাথছি। **হা**দ এইটাই উদ্দেশ্য থাকত কনস্টিটিউশন-এ যে শ্ধ্মাত গভন্মেন্ট ফাংশনস, এক্সিকিউটিভ ফাংশনস নাদের আছে অর্থারিটি এক্সারসাইজিং গভন মেন্ট ফাংশনস যদি এই কথা থাকত ভাহলে আদার স্থারিটিজ এই কথা কনস্টিটিউশন-এ উল্লেখ করার প্রয়োজন হত না। আদার অর্থারিটিজ যখন ালা হচ্ছে তখন আর্টিকল ১৩ এবং আর্টিকল ১২ বদি আমরা একসংশা পড়ি তাহলে দেখা বাবে ৰ বদি কোন ল'মেকিং অর্থারটি হয় বা কোন রুলস অর্ডিন্য স্স সেস্ব করবার বদি ক্ষমতা থাকে টাটেটে তা বদি কোন ইউনিভাসিটি করে এবং তাতে বদি রুম মেকিং ক্ষমতা দেওয়া হয় এবং দাংশন অফ মেকিং লজ এই ক্ষমতা দেওয়া হয় তাহলে এই অপরিটিও স্টেটের ফাংশনের মধ্যে ডফিনিটাল আসে।

Mr. Deputy Speaker: এসব কথা সেকেন্ড রিডিংএ বললেই পারতেন।

ছিল। জ্বামি এই কথা বলতে গিয়ে এই কথা বলবো সেদিন বর্ধমান শুবু আয়তনেই বড় ছিল না, এই বর্ধমানকে কেন্দ্র করে রাঢ় বন্ধের সংস্কৃতি এই অঞ্চলে প্রভাব বিস্তার করেছিল। এই প্র্যু-ভূমি বর্ধমানে বৈক্ষর ও শান্তের অপ্র সমস্বর ঘটেছে, এখানে বৌন্ধ ধর্মের প্রভাব এখনও পর্বত্ত রয়েছে। বৈক্ষরের লীলাভূমি আজ বর্ধমানের একটা বিরাট অংশে রয়েছে। নদীয়ার নিমাই বর্ধমানেতেই দীক্ষা গ্রহণ করেছিলেন। আজ বৈক্ষবের দিক দিয়ে বর্ধমান অতি প্রাভূমি, শান্তের সাধনার পীঠস্থান ক্ষীরগ্রামকে কেন্দ্র করে চতুদিকে ছড়িয়ে পড়েছে। বৌন্ধধর্মের ইতিহাস এবং প্রভাব আলোচনা করতে গিয়ে দেখা যায় অনা রূপ নিয়ে বর্ধমানের নিভ্ত অঞ্চলে এখনও প্রচলিত রয়েছে সেই ধর্মরাজের প্রভা। এখনও বঞ্চা রায় ও শিবের গান্ধন, এই জিনিবকে কেন্দ্র করে বাংলার পারী অঞ্চলে অশিক্ষিত জনসাধারণের মাঝে সেই ধর্মরাজের প্রভা এখনও প্রকৃত চলে আয়েছে।

